-আল আকসা
রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড়

২৮ বছরে

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ || সংখ্যা ৩৮ || সোমবার || আষাঢ় ০৪ || ১৪৩১ || জ্বিলহজ্ব ১০ || ১৪৪৫ || Vol. 28 || Issue 38 || June 17 || 2024 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

## প্রচণ্ড গরমে সৌদিতে ১৯ হজযাত্রীর মৃত্যু

**বাংলা পত্রিকা ডেস্ক:** সৌদি আরবে প্রচন্ড গরমে জর্ডানের ১৪ এবং ইরানের অন্তত পাঁচজন হজযাত্রীর মৃত্যু হয়েছে। রোববার (১৬ জুন) জর্ডান ও ইরানের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এসব তথ্য **(বাকি অংশ ২৮ পাতায়)**

### ২ বছরে নিউইয়র্কে ২ লাখের বেশি অনুপ্রবেশ-সিটি কর্তৃপক্ষ

# অভিবাসন প্রত্যাশীদের জন্য সীমান্ত বন্ধ

**বাংলা পত্রিকা ডেস্ক:** আগামী নভেম্বরে প্রেসিডেন্ট নির্বাচন। এই নির্বাচনের আগে অবৈধভাবে অভিবাসন বন্ধে মেক্সিকো সীমান্ত নিয়ে কঠোর অবস্থান নিলেন প্রেসিডেন্ট জো বাইডেন। অবৈধভাবে অভিবাসন প্রত্যাশীদের ঢুকতে দেয়া হবে না যুক্তরাষ্ট্রে। গত ৪ জুন মঙ্গলবার বাইডেন যে নতুন যে নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন, তাতে বলা হয়েছে, মেক্সিকো সীমান্তে দৈনিক ২৫০০ হাজারের বেশি অবৈধ অনুপ্রবেশকারী গ্রেপ্তার হলে সীমান্ত অভিবাসন প্রত্যাশীদের জন্য বন্ধ করে দেয়া হবে। যেহেতু এই মুহূর্তে সংখ্যাটি এর চেয়ে বেশি, ফলে আদেশটিতে স্বাক্ষর হওয়ার পরেই সীমান্ত সিল করে দেয়া হয়। অর্থাৎ, অভিবাসন প্রত্যাশীরা মেক্সিকো সীমান্ত দিয়ে প্রবেশ করতে পারবেন না। আদেশে বলা হয়েছে, অবৈধভাবে কেউ যুক্তরাষ্ট্রে অনুপ্রবেশ করলে সঙ্গে সঙ্গে তাকে ডিপোর্ট করার অর্থাৎ, মেক্সিকোয় ফিরিয়ে দেয়ার ব্যবস্থা করতে হবে। যুক্তরাষ্ট্রে তাকে কোনো রকম ইমিউনিটি বা সুযোগ দেয়া হবে না। সীমান্তে গ্রেপ্তারের সংখ্যা দেড় হাজারের নিচে নামলে ফের এই অর্ডার বদল করা হবে বলে জানানো হয়েছে। তবে অভিভাবকহীন নাবালকেরা অবশ্য এই আইনের অন্তর্গত নয়। তবে পরিকল্পনা করে নিয়ম মেনে কেউ শরণার্থী হওয়ার আবেদন করতে পারেন। কিন্তু অবৈধভাবে অনুপ্রবেশ করা যাবে না। এদিন এই (বাকি অংশ ২৪ পাতায়)



## ঐতিহাসিক গরমের সাক্ষী হতে যাচ্ছে নিউইয়র্ক

**বাংলা পত্রিকা ডেস্ক:** গ্রীষ্মে ঐতিহাসিক গরমের সাক্ষী হতে যাচ্ছে নিউইয়র্ক। গত ১৩ জুন বৃহস্পতিবার এক বিবৃতিতে জাতীয় আবহাওয়া অফিস জানায়, আসন্ন গ্রীষ্মে নিউইয়র্কে তাপমাত্রা ইতিহাসের সর্বোচ্চ উচ্চতায় পৌঁছাবে। গত বছর রেকর্ড পরিমান গরম পড়লেও এই বছর তা ছাড়িয়ে যাবে বলে আশঙ্কা করছে বিশেষজ্ঞরা। গরমে জলবায়ুর উপর নেতিবাচক প্রভাব পড়বে বলেও উদ্বেগ প্রকাশ করেন তারা। আবহাওয়া অফিস, বায়ু মানের একটি সতর্কতা জারি করেছে। সিটি কর্মকর্তারা, যাদের বাড়িতে এসি নেই তারা, সিটির এয়ার কনডিশনার স্পেসএবং শীতাতপ নিয়ন্ত্রিত পাবলিক লাইব্রেরিগুলোতে আশ্রয় নিতে পারে। তাপপ্রবাহকে জীবনের হুমকি হিসেবে উল্লেখ করে সিটি কর্মকর্তারা বলেন, নিউইয়র্কে বেশিরভাগ মৃত্যু গরমের কারনে হয়ে থাকে। সিটির তথ্য অনুসারে, গত বছর ৩৫০ জন নিউইয়র্কার তাপজনিত অসুস্থতার কারনে অকালে মৃত্যুবরণ করেছে।

### কানাডিয়ান পলিসি আউটলুকের প্রতিবেদন

## যুক্তরাষ্ট্রে গৃহযুদ্ধের সম্ভাবনা রয়েছে

**বাংলা পত্রিকা ডেস্ক:** কানাডার পলিসি আউটলুক যুক্তরাষ্ট্রে গৃহযুদ্ধের সম্ভাবনা সম্পর্কে সতর্ক করে দিয়ে অটোয়াকে এই পরিস্থিতির পরিণতি মোকাবেলা করার জন্য প্রস্তুত হতে বলেছে। কানাডিয়ান পলিসি আউটলুক ৩৭ পৃষ্ঠার প্রতিবেদনে বলেছে, যদি যুক্তরাষ্ট্রে মতাদর্শগত পার্থক্য বাড়তে থাকে এবং গণতন্ত্র দুর্বল হয় তাহলে অভ্যন্তরীণ **(বাকি অংশ ০৮ পাতায়)**





### যুক্তরাষ্ট্র-সৌদির পেট্রোডলার চুক্তির অবসান


## পাল্টে যেতে পারে বিশ্ব অর্থনীতি

**বাংলা পত্রিকা ডেস্ক:** সৌদি আরব যুক্তরাষ্ট্রের সঙ্গে ৫০ বছরের পেট্রোডলার চুক্তিটি নবায়ন না করার সিদ্ধান্ত নিয়েছে। বিশ্ব অর্থনীতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এই চুক্তিটির মেয়াদ শেষ হয়েছে গত ৯ জুন। ব্রিকস নিউজ এক্সে এক পোস্টে লিখেছে, 'নতুন করে সমঝোতা না হওয়ায় যুক্তরাষ্ট্র-সৌদি আরবের দীর্ঘ ৫০ বছরের পুরনো এই পেট্রোডলার চুক্তিটির অবসান ঘটেছে। এর ফলে সৌদি আরব এখন থেকে ইউরো, ইয়েন, ইউয়ান, চীনা আরএমবিসহ বিভিন্ন মুদ্রায় তাদের অপরিশোধিত তেল বিক্রি করতে পারবে। গত ৫০ বছর ধরে তারা কেবল আমেরিকান ডলারেই এই বাণিজ্য চালিয়ে আসছিল। এতে বিশ্বের রিজার্ভ কারেন্সিতে ডলারের আধিপত্য দুর্বল হয়ে পড়তে পারে, আন্তর্জাতিক মুদ্রা হিসেবে ডলারের চাহিদা কমে যেতে পারে। এছাড়াও যুক্তরাষ্ট্রে মুদ্রাস্ফীতি ও সুদের হারে অস্বাভাবিক বৃদ্ধি এবং বন্ড বাজারে অস্থিতিশীলতা দেখা দিতে পারে। পেট্রোডলার কোনো মুদ্রার নাম নয়। আমেরিকান ডলারে **(বাকি অংশ ০৮ পাতায়)**

## বাইডেনকে বলেন 'বুড়ো' ৭৮ বছর বয়সী ট্রাম্প

**বাংলা পত্রিকা ডেস্ক:** জো বাইডেনের বয়সকেই নির্বাচনী প্রচারণার হাতিয়ার বানিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। যেখানেই যান সেখানেই যেন নিজের চেয়ে সাড়ে **(বাকি অংশ ০৮ পাতায়)**





## পরমাণু শক্তিতে চীনের চেয়ে ১৫ বছর পিছিয়ে যুক্তরাষ্ট্র

**বাংলা পত্রিকা ডেস্ক:** উচ্চ প্রযুক্তির পারমাণবিক শক্তি অর্জনের ক্ষেত্রে যুক্তরাষ্ট্র চীনের চেয়ে ১৫ বছর পিছিয়ে আছে। মূলত চীনের রাষ্ট্রায়ত্ত সম্মিলিত প্রচেষ্টা ও অর্থায়নের কারণেই যুক্তরাষ্ট্র পিছিয়ে। সোমবার প্রত্যাশিত ওয়াশিংটনভিত্তিক থিংক ট্যাংক ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড ইনোভেশন ফাউন্ডেশন প্রকাশিত এক প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। প্রতিবেদনে বলা হয়েছে, চীনে ২৭টি পারমাণবিক চুলি নির্মাণাধীন রয়েছে, **(বাকি অংশ ০৮ পাতায়)**

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

APOLLO
INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

### ঈদ আনন্দের 'ষোলোকলা' পূর্ণ

## বিশ্বকাপের সুপার এইটে বাংলাদেশ


**বাংলা পত্রিকা ডেস্ক:** ম্যাচে জিতে বাংলাদেশীদের ঈদ আনন্দ বাড়িয়ে দিতে চেয়েছিলেন টাইগার পোস্টার বয় সাকিব আল হাসান। ব্যাটিংয়ে কিছুটা ধুকলেও ম্যাচ জিতে ইতিহাস গড়েছে তারা। তিন **(বাকি অংশ ০৮ পাতায়)**

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেভ্‌ $৫৮৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge-Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

www.banglapatrikausa.com


JUDGE
Wendy
Li
উইন্ডি লী-কে
সারোগেটস কোর্ট জাজ
পদে ভোট দিন
Surrogate
Vote for one
Juez Sucedáneo
Vote por uno
Wendy C. Li
ওয়েন্ডি লি
Sample Ballot
Fairness
Compassion
Respect for All
Endorsed by Asian American Bar Association of New York
Asian American Bar Association of New York
ডেমোক্র্যাট প্রাইমারী নির্বাচন
ভোট মঙ্গলবার, ২৫ জুন ২০২৪
www.VOTEforWENDYLI.com
আগাম ভোট ১৫-২৩ জুন
Scan here to find your voting site


VOTE FOR DEMOCRAT
AMISH R.
DOSHI
FOR CIVIL COURT JUDGE
PROUDLY ENDORSED BY
Congressmember GREG MEEKS
Congressmember GRACE MENG
State Senator JOHN LIU
State Senator JESSICA RAMOS
Assemblymember CATALINA CRUZ
City Councilmember SHEKAR KRISHNAN
PRIMARY ELECTION
JUNE 25, 2024
Early Voting June 15-23
Vote by Mail - requestballot.vote.nyc
Vote Early - www.vote.nyc
Election Day - findmypollsite.vote.nyc
Experience you can trust.
Qualifications you can count on.
PAID FOR BY AMISH R. DOSHI FOR CIVIL COURT JUDGE


সুস্বাস্থ্য
HealthyNYC
নিয়মিত ডাক্তার দেখানো
মানসিক চাপ নিয়ন্ত্রণ
বেশি বেশি ব্যায়াম
বেশি বেশি ঘুম
স্বাস্থ্যকর খাবার খাওয়া
সংযুক্ত থাকা
স্বাস্থ্যকর, দীর্ঘ জীবনের জন্য নিউ ইয়র্ক সিটির প্রচারণা
nyc.gov/stayhealthy এ আরো জানুন
NYC Health
Eric Adams
মেয়র
Ashwin Vasan, MD, PhD
কমিশনার

# রোহিঙ্গা ক্যাম্পে অপরাধ প্রত্যাবাসনই সমাধান

॥ ব্রি. জে. হাসান মো. শামসুদ্দীন (অব.) ॥

মিয়ামারের অভ্যন্তরীণ সংঘাত ও রাখাইনে আরাকান আর্মির (এএ) সঙ্গে মিয়ানমার সেনাবাহিনীর সংঘর্ষ চলমান থাকায় সেখানে শান্তি ও স্থিতিশীলতার সম্ভাবনা এখনো অনিশ্চিত। এ বাস্তবতায় রোহিঙ্গা সংকট সমাধানে কোনো আশার আলো দেখা যাচ্ছে না। চলমান পরিস্থিতিতে রোহিঙ্গা সমস্যা দীর্ঘায়িত হওয়ার পাশাপাশি আরও জটিল থেকে জটিলতর হচ্ছে। গত সাত বছর ধরে বাংলাদেশ মানবিক বিবেচনায় রোহিঙ্গাদের বোঝা টেনে চলেছে। রোহিঙ্গাদের ত্রাণ ক্রমেই সহায়তা কমে আসছে এবং এদের কারণে বাংলাদেশের নিরাপত্তায় হুমকির সৃষ্টি হচ্ছে।

রোহিঙ্গারা দলগত সশস্ত্র অপতৎপরতা, অবৈধ আগ্নেয়াস্ত্রের ব্যবহার, মাদক, মানব পাচার, চাঁদাবাজি, অপহরণ বাণিজ্য ও দোকান দখল থেকে শুরু করে বিভিন্ন অপরাধমূলক কাজকর্ম চালিয়ে যাচ্ছে। রোহিঙ্গা ক্যাম্পে ২০২৩ সালে ৬৪ জন ও ২০২৪ সালের মে মাস পর্যন্ত ৩৩ জন হত্যাকান্ডের শিকার হয়েছে। রোহিঙ্গাদের একটা বড় অংশ মাদকের পাশাপাশি অস্ত্র চোরাকারবারেও জড়িত। এ মাদক চোরাকারবারের পেছনে রয়েছে আন্তর্জাতিক যোগাযোগ। ফলে মাদকাসক্তি তরুণ প্রজন্মকে ধ্বংসের দিকে ঠেলে দেওয়ার পাশাপাশি ক্যাম্পের নিরাপত্তা পরিস্থিতি নিয়ন্ত্রণেও বাধার সৃষ্টি করছে।

রোহিঙ্গারা বিভিন্ন গ্রুপে বিভক্ত হয়ে ক্যাম্পে নানা ধরনের অপরাধ ও সন্ত্রাসী কার্যক্রম চালাচ্ছে। রোহিঙ্গা ক্যাম্পে নারী ও শিশুরা ব্যাপক অনিরাপত্তার মধ্যে দিন কাটাচ্ছে। বিশেষ করে নারীরা যৌন হয়রানির শিকার হচ্ছে। সেখানে নারী ও শিশু পাচারকারীরা সক্রিয়। ক্যাম্পের জনঘনত্বের কারণে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত সদস্যদের পক্ষে সবসময় নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হয় না। একদিকে রোহিঙ্গারা ক্যাম্প থেকে বেরিয়ে কর্মসংস্থানে যুক্ত হচ্ছে, অন্যদিকে ক্যাম্পগুলো পরিণত হয়েছে মানব পাচার, মাদক চোরাচালান, জঙ্গি নিয়োগসহ নানা অপরাধের স্বর্গরাজ্যে। এতে স্থানীয়দের জীবন অতিষ্ঠ হয়ে উঠছে।

কক্সবাজারের ৩২টি ক্যাম্পেই অপরাধমূলক কাজকর্ম চলছে। গত ১৫ মে নিরাপত্তা বাহিনী মিয়ানমারের সশস্ত্র গোষ্ঠী আরাকান স্যালভেশন আর্মির (আরসা) ক্যাম্পে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ অস্ত্র উদ্ধারের পাশাপাশি দুই সদস্যকে গ্রেফতার করে। আরসা আধিপত্য বিস্তার, কোন্দলসহ খুন, অপহরণ, চাঁদাবাজিসহ বিভিন্ন অপরাধের সঙ্গে সম্পৃক্ত। তাদের বিরুদ্ধে হত্যাসহ বিভিন্ন অপরাধ কর্মকান্ড পরিচালনা ও পার্শ্ববর্তী দেশ থেকে অস্ত্র-গোলাবারুদ সংগ্রহ করে রোহিঙ্গা ক্যাম্পে নাশকতা সৃষ্টির অভিযোগ রয়েছে। এরই পরিপ্রেক্ষিতে নিরাপত্তা বাহিনীর সদস্যরা গত ১৯ মে উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্পসংলগ্ন পাহাড়ে আরসার আস্তানায় অভিযান চালিয়ে শীর্ষ চার সদস্যকে গ্রেফতার ও বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করে।

মিয়ানমারের অভ্যন্তরে এএ'র সঙ্গে মিয়ানমার সেনাবাহিনীর চলমান সংঘাতের কারণে রোহিঙ্গাদের সশস্ত্র সংগঠন আরসা, আল ইয়াকিন, আরএসওসহ বিভিন্ন সশস্ত্র গোষ্ঠীর সদস্যরা ক্যাম্পে অবস্থান করছে। ক্যাম্পে অবস্থানকারী এসব সশস্ত্র গোষ্ঠীর সদস্য সেখানে অস্থিরতা তৈরি করতে এবং নাশকতার উদ্দেশে ক্যাম্পে একের পর এক আগুন লাগাচ্ছে বলে সাধারণ রোহিঙ্গারা মনে করে। গত ২৫ মে রোহিঙ্গা ক্যাম্পে তিন শতাধিক বসতি আগুনে সম্পূর্ণ পুড়ে যায়, একইসঙ্গে আংশিক ক্ষতিগ্রস্ত হয় দুই শতাধিক বসতি আর অর্ধশত দোকানপাট।

কক্সবাজারের পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্যরা গত ১২ মে উখিয়ার রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন। তারা ক্যাম্পের পরিস্থিতি পর্যবেক্ষণ, রোহিঙ্গাদের সঙ্গে আলাপের পাশাপাশি সেখানকার নানা কার্যক্রম ঘুরে দেখেন। রোহিঙ্গা প্রতিনিধিরা তাদের কাছে মিয়ানমারে ফিরে যাওয়ার আগ্রহের কথা জানায়। পর্যবেক্ষক দলটি ক্যাম্প ইনচার্জদের সঙ্গে আলোচনা করেন ও সংকট নিরসনের উপায়গুলো জানার চেষ্টা করেন এবং এ সংকট নিরসনে সুপারিশমালা প্রণয়ন করবেন বলে জানান। রোহিঙ্গা ক্যাম্পে অনেক সন্ত্রাসী দল ও তাদের নেতারা প্রভাব প্রতিপত্তি খাটিয়ে বিভিন্ন ধরনের চোরাকারবারের মাধ্যমে প্রচুর অর্থ উপার্জন করে আরাম-আয়েশে জীবনযাপন করছে। তাদের অনেকে এ সুবিধাজনক পরিস্থিতি ছেড়ে মিয়ানমারে ফিরে যেতে অনিচ্ছুক। এরা বিভিন্ন সময় প্রত্যাবাসনবিরোধী কর্মকান্ডেও লিপ্ত। এদের তাই চিহ্নিত করে যথাযথ ব্যবস্থা নেওয়া জরুরি।

রোহিঙ্গাদের নিরাপত্তা নিশ্চিতে দ্রুত ক্যাম্পের জনঘনত্ব কমানো দরকার। বর্তমান পরিস্থিতিতে আগুন নিয়ন্ত্রণ ও সন্ত্রাসী কার্যক্রম নিয়ন্ত্রণে নানা ধরনের সমস্যার সৃষ্টি হচ্ছে। রোহিঙ্গাদের ভাসানচরে স্থানান্তর করা গেলে এবং সেখানে রোহিঙ্গাদের জন্য আরও আবাসন তৈরি করা হলে বর্তমান পরিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণ করা সম্ভব। ভাসানচরে রোহিঙ্গা স্থানান্তরের জন্য যে ব্যয় হবে, সেজন্য দাতা দেশ ও সংস্থাগুলোর কাছে কোনো অর্থ সাহায্য পাওয়া যাচ্ছে না। বাংলাদেশের একার পক্ষে এটা সামাল দেওয়া দুরূহ। বাংলাদেশ রোহিঙ্গা ক্যাম্পের নিরাপত্তায় সাধ্য অনুযায়ী ব্যবস্থা নিচ্ছে। যদিও মিয়ানমারে শান্তি ফিরে আসার লক্ষণ দেখা যাচ্ছে না এবং রাখাইনে অশান্ত পরিস্থিতি বিরাজ করছে। মিয়ানমার সেনাবাহিনী সুযোগ পেলে দখলকৃত এলাকাগুলোতে আক্রমণের তীব্রতা বাড়ালে সংকট আরও বাড়তে পারে। চলমান সংকটের রাজনৈতিক সমাধান এখনো দেখা যাচ্ছে না।

**বাংলাদেশ কী করছে**

বাংলাদেশ রাখাইন ও কক্সবাজারের পরিস্থিতি এবং সংকট নিরসন ও রোহিঙ্গা জনগোষ্ঠীর উন্নতির লক্ষ্যে জাতিসংঘের সব সংস্থা, তহবিল এবং কর্মসূচিকে সুসংহতভাবে কাজ করার আহ্বান জানায়। রোহিঙ্গা প্রত্যাবাসন দ্রুত করা না গেলে অস্থিরতা আরও বাড়তে পারে। মিয়ানমার থেকে অস্ত্র ও মাদক আসছে এবং অনেক রোহিঙ্গা মাদক কারবারে জড়িয়ে গেছে। এদের চিহ্নিত করে আইনের আওতায় আনার জন্য বাংলাদেশ কাজ করে যাচ্ছে। নিরাপত্তা বাহিনী আন্তরিকতার সঙ্গে রোহিঙ্গা ক্যাম্পের নিরাপত্তা নিশ্চিতে কাজ করার কারণে সেখানকার পরিস্থিতি এখনো শান্তিপূর্ণ ও নিয়ন্ত্রিত। আন্তর্জাতিক সংস্থাসহ বাংলাদেশ রোহিঙ্গা ফেরত পাঠানো নিয়ে তৎপরতা চালিয়ে যাচ্ছে।

ক্যাম্প কর্তৃপক্ষ আগুন নিয়ন্ত্রণে আন্তরিকতার সঙ্গে কাজ করছে। তবে ক্যাম্পের ভেতরে রাস্তার স্বল্পতা ও জায়গার অভাবে দ্রুত অগ্নিকান্ডের স্থানে অগ্নিনির্বাপণের গাড়ি নিতে সমস্যা হয়। এ ছাড়াও আগুন লাগার সম্ভাব্য কারণ অনুসন্ধান ও প্রয়োজনে দোষী ব্যক্তিদের আইনের আওতায় আনা হচ্ছে।

ক্যাম্পকে নিরাপদ করতে নিয়মিত এপিবিএন, পুলিশ, বিজিবি ও র‍্যাব একসঙ্গে যৌথ টহল এবং জরুরি প্রয়োজনে সেনাবাহিনীও প্রস্তুত রয়েছে। ক্যাম্পে থেকে রোহিঙ্গারা যাতে বাইরে যেতে না পারে, সে জন্য কেটে ফেলা কাঁটাতারের বেড়াগুলো সংস্কার ও দ্রুত মেরামতের নির্দেশনা দেওয়া হয়েছে। বাংলাদেশ সরকার কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্পে তাদের নিরাপদ অবস্থান ও নিরাপত্তা নিশ্চিত করতে পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তাকর্মী নিয়োগ করেছে এবং ভাসানচরে রোহিঙ্গাদের জন্য নিরাপদ বাসস্থানের ব্যবস্থা করেছে।

বাংলাদেশ প্রায় ১৩ লাখ রোহিঙ্গার পূর্ণ নাগরিক অধিকারসহ মিয়ানমারে নিরাপদ ও টেকসই প্রত্যাবাসনের প্রচেষ্টায় ওআইসি রাষ্ট্রদূতদের সংহতি অব্যাহত রাখার আহ্বান জানিয়েছে। জাতিসংঘে ওআইসিভুক্ত দেশগুলোর স্থায়ী প্রতিনিধিরা রোহিঙ্গাদের আশ্রয়দানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদারতার প্রশংসা করেছে এবং রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশের দাবির প্রতি পূর্ণ সমর্থন ব্যক্ত করেছে। বাংলাদেশ রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়ার কার্যক্রম চলমান রেখেছে এবং কূটনৈতিক ও আইনি দুই প্রক্রিয়াতেই এগোচ্ছে। এ সমস্যা সমাধানের জন্য বাংলাদেশ কূটনৈতিক পথ অনুসরণ করছে, একইসঙ্গে আন্তর্জাতিক আদালতের আশ্রয় নিয়েছে।

বাংলাদেশে আশ্রয় নেওয়া বাস্তুচ্যুত রোহিঙ্গা ও স্থানীয়দের জন্য ৭০০ মিলিয়ন ডলারের একটি প্রকল্প অনুমোদন করেছে বিশ্বব্যাংক। ৭০০ মিলিয়ন ডলারের মধ্যে ৩১৫ মিলিয়ন ডলার অনুদান ও ৩৮৫ মিলিয়ন ডলার ঋণ। মূলত ৩১৫ মিলিয়ন ডলার অনুদানের সঙ্গে এলাকার অবকাঠামো উন্নয়নে আরও ৩৮৫ মিলিয়ন ডলারের ঋণ দেওয়া হয়েছে। মৌলিক সেবা প্রদান এবং দুর্যোগ ও সামাজিক সহিষ্ণুতা তৈরিতে দুটি প্রকল্পের আওতায় এ অর্থ ব্যয় হবে।

চলমান প্রেক্ষাপটে করণীয়

রোহিঙ্গা ক্যাম্পের নিরাপত্তা নিশ্চিতে জনঘনত্ব কমাতে হবে। ভাসানচরে রোহিঙ্গাদের স্থানান্তরের মাধ্যমে এ জনঘনত্ব কমানো সম্ভব। ভাসানচরে আবাসন তৈরি করে আরও রোহিঙ্গার বসবাসের ব্যবস্থা করা যেতে পারে। স্থানান্তর এবং বাসস্থান নির্মাণে দাতাদেশ ও সংস্থার সহায়তা নেওয়ার উদ্যোগ চলমান রাখতে হবে।

ক্যাম্পে মাদক ও অস্ত্র চোরাচালান বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা এবং ক্যাম্পের নিরাপত্তা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা দরকার। ক্যাম্পের শৃঙ্খলা নিশ্চিতে মাঝে মধ্যে সমন্বিত অভিযান পরিচালনা করতে হবে এবং এর পাশাপাশি ক্যাম্পে সার্বক্ষণিক গোয়েন্দা তৎপরতা ও নজরদারি বাড়ানোর ব্যবস্থা করতে হবে।

দীর্ঘদিন বাংলাদেশে অবস্থান করার ফলে রোহিঙ্গাদের প্রত্যাবাসনে আগ্রহ যাতে হারিয়ে না যায়, সেজন্য রোহিঙ্গাদের মধ্যে রাখাইনে ফিরে যাওয়ার প্রেষণা চলমান রাখা প্রয়োজন। রোহিঙ্গা ক্যাম্পগুলোতে বিভিন্ন কাজে নিয়োজিত এনজিও ও অন্যান্য সংস্থাগুলোকে এ প্রেষণা প্রদান কার্যক্রমে সক্রিয় রাখার ব্যবস্থা নিতে হবে।

রাখাইন রাজ্যে স্থিতিশীলতা ফিরিয়ে আনতে আন্তর্জাতিক পরিমন্ডলে মিয়ানমারের সংঘাত বন্ধের জন্য আঞ্চলিক ও আন্তর্জাতিক-সব পক্ষের চাপ অব্যাহত রাখার উদ্যোগ চলমান রাখাও জরুরি। বিশ্বব্যাংক থেকে প্রাপ্ত অর্থ সুচিন্তিতভাবে ও পরিকল্পিত উপায়ে ব্যবহার করে রোহিঙ্গা ক্যাম্পের নিরাপত্তা ব্যবস্থার উন্নয়ন এবং বাংলাদেশের নিরাপত্তা ঝুঁকি কমাতে ব্যবহার করার উদ্যোগ নিতে হবে।

রোহিঙ্গা সংকটে বাংলাদেশ বিশেষভাবে ক্ষতিগ্রস্ত। এ সংকট সমাধানে বাংলাদেশ সাধ্যমতো আন্তরিকতার সঙ্গে চেষ্টা চালিয়ে যাচ্ছে। বিশ্বের অন্যান্য সংকটের কারণে রোহিঙ্গাদের সহায়তা যেন বাধাগ্রস্ত না হয় এবং সহায়তা যেন কমে না যায়, সেজন্য আন্তর্জাতিক পরিমন্ডলে এ সংকটের বিষয়ে সবাইকে হালনাগাদ রাখা এবং সহায়তার নতুন উৎস সন্ধানে জাতিসংঘ ও আন্তর্জাতিক সংস্থাগুলোর সহায়তায় প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

রোহিঙ্গাদের মিয়ানমারে প্রত্যাবাসনই এ সংকটের একমাত্র সমাধান। তাই এ সমস্যা সমাধানে সবপক্ষকে সঙ্গে নিয়ে সংকটের স্থায়ী সমাধান খুঁজে বের করা ও তা কার্যকর করার উদ্যোগ চলমান রাখতে হবে। রোহিঙ্গা সংকট বাংলাদেশের জন্য একটা গুরুতর সমস্যা এবং এ সমস্যা সমাধানে আঞ্চলিক ও আন্তর্জাতিক-সব পক্ষের সঙ্গে আমাদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে।

লেখক: মিয়ানমার ও রোহিঙ্গাবিষয়ক গবেষক







# নিউইয়র্কে চার গুণী ব্যক্তিকে সম্মাননা প্রদান করলো ছড়াটে

**আশরাফুল হাবিব মিহির:** নিউইয়র্কের কুইন্সের একটি পার্টি হলে ছড়া সংগঠন ছড়াটে অত্যন্ত আন্তরিকতাপূর্ণ ও আনন্দঘন পরিবেশে চার গুণীব ্যক্তিকে সম্মাননার আয়োজন করে। নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা ২০২৪'র উৎসবমুখর আবহের মধ্যেই এই সম্মাননা প্রদান করলো ছড়াটে।

একুশে পদকপ্রাপ্ত কিংবদন্তি ছড়াকার লুৎফর রহমান রিটন, বিশিষ্ট কবি-ছড়াকার-শিশু সাহিত ্যিক সৈয়দ আল ফারুক, বিশিষ্ট কবি-ছড়াকার-শিশুসাহিত ্যিক ওমর কায়সার এবং বিশিষ্ট কবি-ছড়াকার ও টিভি ব ্যক্তিত্ব জিন্নাহ চৌধুরীকে এই সম্মাননা প্রদান করা হয়।

ছড়াটে'র কর্ণধার শামস চৌধুরী রুশো'র পরিচালনায় অনুষ্ঠানে একুশে পদকপ্রাপ্ত লেখক-সাংবাদিক নাজমুন নেসা পিয়ারি অতিথিদের ফুল দিয়ে বরণ করেন। অতপরঃ উত্তরীয় পরিয়ে দেন এবং সম্মাননা স্মারক হাতে তুলে দেন যথাক্রমে লেখক-সাংবাদিক নাজমুন নেসা পিয়ারি, ছড়াকার সজল আশফাক, ছড়াকার মানিক রহমান ও ছড়াকার শাহীন ইবনে দিলওয়ার।

সম্মাননাপ্রাপ্ত প্রত্যেকে এমন মহতী উদ্যোগের জন ্য ছড়াটে-কে ধন্যবাদ ও অভিনন্দন জানান এবং ছড়াটের বহুমুখী গঠনমূলক কাজের প্রশংসা করেন। বইমেলার মতো বিশাল আয়োজনে সহযোগি সংগঠন হিসেবে ছড়াটে-র অন্তর্ভুক্তিকে বড় অর্জন বলে উল্লেখ করেন। বইমেলা উপলক্ষে ছড়াটে-র বিশেষ আয়োজন মনকাড়া দেয়ালিকারও ভূয়সী প্রশংসা করেন। সম্মাননা অনুষ্ঠানে ছড়াকার মৃদুল আহমদের চমৎকার সঙ্গীত পরিবেশনা বাড়তি মনোরঞ্জন দেয়।

# বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935


## সম্পাদকীয়

### ইউনিসেফের সাম্প্রতিক জরিপ

## শিশুর অসহায়ত্বের উদ্বেগজনক চিত্র

শিশুর জন্য স্বীয় পরিবারই সর্বাধিক ভরসার স্থল- এমনটাই আমরা জানি। তবে দুঃখজনক হইলেও ইউনিসেফের সাম্প্রতিক জরিপ যেন ভিন্ন কিছু বলিতেছে। উক্ত জরিপের ফলের ভিত্তিতে গত ১৪ জুন শুক্রবার প্রকাশিত সমকালের এক প্রতিবেদন অনুযায়ী দেশে ১ হইতে ১৪ বৎসর বয়সী প্রতি ১০ শিশুর ৯ জনই প্রতিমাসে পারিবারে সহিংসতার শিকার। গৃহের বাহিরে দেশের শিশুদের নিরাপত্তা কতটা নাজুক, উহা আমরা জানি। চৌর্যবৃত্তিসহ নানা অপবাদ দিয়া প্রহারের মাধ্যমে শিশুর এমনকি প্রাণ হরণের ঘটনাও প্রায়শ ঘটে। মশকরার ছলে কোমলমতি শিশুদের উপর নির্মম আচরণের ঘটনাও কম নহে। এই অবস্থায় গৃহেও যদি শিশুর নিরাপত্তা এতটা নাজুক হয়, তাহা হইলে সচেতন মানুষমাত্রই উদ্বিগ্ন না হইয়া পারে না।

আমরা জানি, বিশেষত দক্ষিণ এশিয়ার সমাজে প্রধানত অজ্ঞতা ও নানা কুসংস্কারের প্রভাবে প্রাচীনকাল হইতেই এই বিশ্বাস চলিয়া আসিতেছে- শাসনের অভাবে শিশু উচ্ছন্নে যায়। উপরন্তু শাসন বলিতে শারীরিক প্রহারকেই বোঝানো হয়। তবে ইহাও সত্য, শিশুর উপর যে কোনো শারীরিক-মানসিক নির্যাতন উহার বিকাশে কতটা ক্ষতিকর, বর্তমানে তাহা অন্তত কোনো শিক্ষিত-সচেতন মানুষেরই অজানা নহে। এই কারণেই বিশেষত শিক্ষা প্রতিষ্ঠানে শিশুর উপর যে কোনো নির্যাতনের বিরুদ্ধে ইতোমধ্যে সরকারি নির্দেশনা জারি হইয়াছে। তবে পারিবারিক পরিবেশে শিশুর এহেন অসহায়ত্ব প্রমাণ করে, অভিভাবকদেরও একই নির্দেশনার আওতায় আনা জরুরি। অনেক সময় স্বামী-স্ত্রীসহ পরিবারের সদস্যদের মধ্যে সৌহার্দ, আন্তরিক ও পারস্পরিক শ্রদ্ধাশীল সম্পর্ক না থাকিলেও উহার নেতিবাচক প্রভাব শিশুর উপর পড়ে। তাই এই বিষয়েও কার্যকর পদক্ষেপ গ্রহণের সময় আসন্ন।


# যত গর্জে তত বর্ষে না

॥ সালাহউদ্দিন বাবর ॥

একটা বহুল প্রচলিত বাংলা প্রবাদ হলো, 'খালি কলসি বাজে বেশি।' এই প্রবাদ বাক্যের অনেক ধরনের ব্যাখ্যা হতে পারে। যেমন- সক্ষমতা না থাকলেও বাগাড়ম্বরে অভ্যস্ত হয়ে ওঠা। মেধা, বোধ বিবেচনার ঘাটতি থাকা সত্ত্বেও সবজান্তার ভান করা এবং উচ্চবাচ্য করা। সেটা নিয়ে উল্লম্ফন করা। এক কথায় বললে, অসারের তর্জন গর্জন সার। বিজ্ঞজনদের অভিজ্ঞতা হচ্ছে, যেকোনো প্রতিষ্ঠানের প্রশাসনিক কর্তৃপক্ষ যতটা দুর্বল, অক্ষম ঠিক ততই বেশি তারা বাগাড়ম্বর করতে অভ্যস্ত। দায়িত্ব পালনের ক্ষেত্রে নিজেদের ব্যর্থতা ঢাকতে কথার ফুলঝুরি ছড়ান তারা। এরই অংশ হিসাবে বহুক্ষেত্রে এ ধরনের কর্তৃপক্ষ বেশুমার প্রতিশ্রুতি বা অঙ্গীকার করে বসে যা তারা বাস্তবে রূপ দেয়ার যোগ্যতা রাখে না। এসব কেবল বলার জন্য বলা। ক্ষণিকের জন্য মানুষকে আশার মোহে ভুলিয়ে রাখাই এর লক্ষ্য।

মোটা দাগে বলা যায়, বাংলাদেশের রাষ্ট্রীয় প্রশাসন এখন ওই রকম একটা বদ্ধ বলয়ের মধ্যে অবস্থান করছে। সেই কর্তৃপক্ষ এখন যা কিছু বলছে, সেটা অন্তঃসারশূন্য। জনমানুষের সাম্প্রতিক অভিজ্ঞতা হচ্ছে, কর্তৃপক্ষ যখন যা বলছে তার অধিকাংশই বাগাড়ম্বর ছাড়া কিছু নয়। তাতে সত্যতার লেশমাত্র নেই। তাদের কথাবার্তায় রয়েছে অহমিকা। মানুষের প্রতি প্রশাসনের ধারণা যেন এমনই যে, সাধারণ মানুষ এখনো সাবালক হয়ে ওঠেনি। বোধ বিবেচনায় মানুষ পরিপক্বতা অর্জন করতে পারেনি। বরং তারা যা কিছুই বলেন সেইটাই একমাত্র সত্য ও চিরন্তন। শিশুদের প্রবোধ দিয়ে ভুলিয়ে রাখার মতো। তাহলে মানুষের অভাব-অভিযোগ দুঃখ-কষ্ট থাকছে কেন। সত্য হলো, এই জনপদের পোড় খাওয়া মানুষ মনে করে, তাদের সাথে নিছক প্রবঞ্চনা করা হচ্ছে। ছলচাতুরীর আশ্রয় নেয়া হয়েছে। কর্তৃপক্ষ প্রতিমুহূর্তে যা বলে তার প্রতিটি বাক্য অন্তঃসারশূন্য। বর্তমানে দেশের মানুষের দুঃখজনক অভিজ্ঞতা হচ্ছে। রাজনৈতিক কর্তৃপক্ষ যখন যা বলে তা থেকে এই ধারণাই তৈরি হচ্ছে। তাদের সব বার্তা বিবৃতিতে স্পষ্ট হয়ে ওঠে যে তারা মনে করেন, দেশের মানুষ এখনো সাবালকত্ব লাভ করেনি। তাদের বোধ এখনো সৃষ্টি হয়নি। তাই যা কিছু কর্তৃপক্ষ বলে তাতে প্রত্যয় জন্মেনি। শিশুদের যেমন সহজেই প্রবোদ দেয়া যায়, এখানেও জনগণকে সেভাবে প্রবোধ দিয়ে ভুলিয়ে রাখা যাবে। প্রকৃত সত্য হচ্ছে, খোদ এই কর্তৃপক্ষেরই এখনো বয়োসন্ধি পার হয়নি। সে জন্য এমন উদ্ভট ধারণা লালন করছে। আসলে দেশের ক্ষমতায় থাকা কর্তৃপক্ষ তাদের দায়িত্ব পালনের নানা উদাহরণ দিয়ে ইতোমধ্যে এটাই প্রমাণ করেছে যে, তারা অক্ষম অযোগ্য। তাদের এই দুর্বলতা থেকে মানুষকে সরিয়ে রাখতেই তাদের যত বাগাড়ম্বর। আর অন্যের ঘাড়ে দোষ চাপাতে তাদের জুড়ি মেলা ভার। কিন্তু তার পরও তাদের পক্ষ থেকে দেয়া হচ্ছে বেশুমার প্রতিশ্রুতি আর করা হচ্ছে শত অঙ্গীকার।

এমন ভঙ্গুর অবস্থার ভেতর অবস্থান করার পরও ক্ষমতায় থাকার অপরিসীম বাসনা তাড়িয়ে বেড়াচ্ছে রাজনৈতিক কর্তৃপক্ষকে। সে জন্য যত অপকৌশল প্রশাসনের। আবারো আগের প্রসঙ্গে ফিরে যেতে চাই। সরকার দৃঢ় প্রত্যয় ঘোষণা করেছিল দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ নিয়ে। অনেক অঙ্গীকার ও উদ্যোগের কথা বলা হয়েছিল। কিন্তু বাস্তবে তার কোনো উদ্যোগ কিংবা কোনো পদক্ষেপ কেউ-ই লক্ষ্য করেনি। এ দিকে দ্রব্যমূল্য বৃদ্ধি পাওয়ার ফলে মানুষের জীবন ক্রমাগত দুর্বিষহ হয়ে উঠছে। সরকারিভাবেই এখন বলা হচ্ছে, দ্রব্যমূল্য নাকি ১০ শতাংশের মতো বৃদ্ধি পেয়েছে। অথচ অর্থনীতি এবং দ্রব্যমূল্য নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেন এমন সব অর্থনীতিবিদদের ধারণা, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যস্ফীতি ১৫ শতাংশের মতো হয়েছে। এ দিকে বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউ এফপি) সম্প্রতি বাংলাদেশের খাদ্যমূল্য পরিস্থিতি নিয়ে একটি প্রতিবেদন প্রকাশ করেছে। এতে বলা হয়েছে, খানা জরিপ অনুযায়ী, ২০২২ সালে দেশের দারিদ্র্যসীমার নিচে থাকা মানুষের খাবার কেনা বাবদ খরচ ছিল প্রতি মাসে এক হাজার ৮৫১ টাকা। গত দুই বছরে খাদ্যপণ্যের দাম অনেক বেড়েছে। গত ফেব্রুয়ারি মাসে মাথাপিছু খাবার কেনা বাবদ খরচ বেড়ে হয়েছে দুই হাজার ৯২৩ টাকা; যা দুই বছর আগের চেয়ে ৫২ শতাংশ বেশি। প্রশ্ন হচ্ছে, গত দুই বছরে কি মানুষের রোজগার ৫০ শতাংশ বেড়েছে? এর ছোট উত্তর হচ্ছে, না। নিকট অতীতে ক্ষমতাসীন সরকারের তদানি-



নন্তন বাণিজ্যমন্ত্রী দফায় দফায় অঙ্গীকার করেছিলেন, অবশ্যই দ্রব্যমূল্য কমানোর জরুরি উদ্যোগ নেয়া হবে। তারপর দিন গেল, মাস শেষে মন্ত্রীও বিদায় নিলেন। কিন্তু মূল্যস্ফীতি নিয়ে তার দম্ভোক্তি হাওয়া মিলিয়ে যায়। বিদায় নেয়ার আগে বাণিজ্যমন্ত্রী একজন পরাজিত সেনা নায়কের মতো বললেন, সিন্ডিকেটের জন্য কিছু করা গেল না। মন্ত্রী বলেছিলেন, সিন্ডিকেটের জন্য কিছু করা যাচ্ছে না। সরকারের চেয়েও নাকি সিন্ডিকেট শক্তিশালী। এটা না হওয়ার কোনো কারণ নেই। সরকার ও সেই দুষ্ট চক্র সিন্ডিকেটের অবস্থান পরস্পরের খুব সন্নিকটে প্রায় সমান্তরাল। বলতে হবে, উভয়ের সহাবস্থান এক দিনের নয়, বহু দিন থেকে একই বিন্দুতে। সিন্ডিকেটের কাছে আত্মসমর্পণ করা কিছুমাত্র বিস্ময়কর নয় বা বিচিত্রও নয়। সরকারের চেয়ে শক্তিশালী তারাই যারা সরকারকে উঠাতে নামাতে পারে। এখন পরিস্থিতি সেই সমীকরণে পৌঁছে গেছে। যারা সরকারকে বসাতে সরাতে পারেন, তাদেরই ক্ষমতাসীনদের কুর্নিশ করতে হবে। আগের সংস্কৃতি এটাই ছিল যে, জনগণই সরকারকে উঠাতে বসাতে সক্ষম ছিল। এখন আর সেটা নেই। জনগণকে হটিয়ে সে স্থান দখল করেছে সিন্ডিকেট। এখন ক্ষমতায় থাকার জন্য সিন্ডিকেটের কাছে আত্মসমর্পণ করছে দেশের রাজনৈতিক কর্তৃপক্ষ। এখন মন্ত্রী মহোদয় যে সিন্ডিকেটের কথা বললেন, তা নিয়ে গোটা সরকারের পক্ষ থেকে এ পর্যন্ত কোনো উচ্চবাচ্য করা হয়নি। মৌনতাই কিন্তু সম্মতির লক্ষণ। যাই হোক, গত জানুয়ারিতে নতুন সরকার গঠিত হয়েছে। অথচ ইত্যবসরে দ্রব্যমূল্য আরো কয়েক গুণ বৃদ্ধি পেয়েছে। কিন্তু এরপর কারো কোনো কথা নেই। অতি সম্প্রতি প্রকাশিত এক খবরে জানা গেছে, খাবারের পেছনে দরিদ্র মানুষের ব্যয় বেড়েছে ৫৮ শতাংশ। ২০২২ সালে দারিদ্র্যসীমার নিচে থাকা মানুষের মাসিক খাবার কেনার মাথাপিছু খরচ এক হাজার ৮৫১ টাকা। এখন সেটা বৃদ্ধি পেয়ে হয়েছে তিন হাজার টাকা। একটা মানুষের বেঁচে থাকার ন্যূনতম যে খাবার গ্রহণ করে, সেখানে ব্যয় কমানো হয়েছে ৬৮ শতাংশ, যেসব মানুষ বাকিতে খান তাদের সংখ্যা ৪৩ শতাংশ। মানুষ তার চিকিৎসা খরচ কমিয়েছে ২২ শতাংশ। এখন সঞ্চয় ভেঙে চলেন ১৩ শতাংশ মানুষ। এসব গবেষণালব্ধ তথ্য উঠে এসেছে বেসরকারি প্রতিষ্ঠান ইনস্টিটিউশন ফর ইনক্লুসিভ ফাইন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্টের কাছ থেকে।

দ্রব্যমূল্য কমানো নিয়ে সর্বশেষ কথা মাত্র ক'দিন আগে বলেছেন অর্থমন্ত্রী বাজেট-উত্তর এক সংবাদ সম্মেলনে। তার বক্তব্য অনেকটা যেন, 'আর ক'টা দিন সবুর করো রসুন বুনেছি'র মতো। হেয়ালি রেখে তার সঠিক উত্তরটা কী ছিল জানা যাক। তিনি উষ্ণ শুষ্ক মুখে বলেছিলেন, আর ছয় মাস অপেক্ষা করতে হবে। গত মাস নয়, বহু মাসও নয়। অনেক ক'টি বছর থেকে মানুষ চরমভাবে ভুগছে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি নিয়ে। অর্থমন্ত্রীর ছয় মাস কয় বছরে শেষ হবে- সেটা তো ভবিতব্য। ততদিনে এই ধরাধামে কে থাকবে, কে থাকবে না, তা-ও কারো জানা নেই।

ওপরে আরো বলা হয়েছে যে, সরকার ইতোমধ্যে বেশুমার ওয়াদা অঙ্গীকার করেছে। এমন অঙ্গীকার মাঠে ময়দানে হাস্যোচ্ছলে করা হয়নি। বরং দলিল দস্তাবেজে সেই অঙ্গীকারগুলো লিপিবদ্ধ আছে। ২০২৪ সালের ৭ জানুয়ারি বাংলাদেশ জাতীয় সংসদের যে 'নির্বাচন' অনুষ্ঠিত হয়, সে নির্বাচনের প্রাক্কালে আওয়ামী লীগের প্রকাশিত ইশতেহারে দলটির যত সব অঙ্গীকার সন্নিবেশিত রয়েছে। তার সবগুলো নিয়ে নয়, বরং গুরুত্বপূর্ণ কয়েকটি বিষয় নিয়ে কথা বলার চেষ্টা করা যেতে পারে। সুশাসন : এই শিরোনামে যেসব বিষয় নিয়ে আওয়ামী লীগ তথা শাসকদল জনগণের কাছে ওয়াদা করেছিল, সে সম্পর্কে পূর্ণাঙ্গ কোনো আলোচনা বিশ্লেষণ নয়। কেবলমাত্র স্পর্শ করা হবে। (ক) গণতন্ত্র, নির্বাচন ও কার্যকর সংসদ। এটাই নাকি সরকারি দল প্রতিষ্ঠা করতে চায়। মোটা দাগে এ সম্পর্কে কথা বলতে সবারই সঙ্কোচ বোধ হয় হতে পারে। কেননা সরকারি দল গণতন্ত্র আর ভোট ব্যবস্থাকে এখন এক অন্ধ গহ্বরের কাছে নিয়ে এসেছে। এ নিয়ে কোনো ব্যাখ্যার প্রয়োজন আছে! এর পরও কোন মুখে ক্ষমতাসীনরা গণতন্ত্র আর নির্বাচন নিয়ে কথা বলে। সেটা ভেবে মানুষ বিস্ময়ে বিমূঢ়। ইশতেহারে উল্লেখ করা হয়েছে, আইনের শাসন ও মানবাধিকার প্রতিষ্ঠায় দলটি অবদান রাখবে। প্রথম কথা হচ্ছে, কোন আইনের শাসন! এখন কি দেশে আইন বলতে কোনো কিছুরই অস্তিত্ব আছে। শাসক দলের অভিপ্রায়ই এখন আইন। সে অভিপ্রায় কার্যকর বা প্রয়োগ করতে প্রজাতন্ত্রের কর্মকর্তা-কর্মচারীরা দলীয় কমান্ডের অধীনে সদা তৎপর। মানবাধিকার, সেটা তো কবে কোন বনে এখন বনবাসে রয়েছে, তার কোনো হদিসই নেই। জবাবদিহির বিষয় নিয়ে ইশতেহারে উল্লেখ করা আছে। কিন্তু প্রশ্ন হচ্ছে, জবাবদিহি কোন প্রতিষ্ঠান করবে? আগের সংস্কৃতি ছিল, জাতীয় সংসদের কাছে সরকারসহ সব রাষ্ট্রীয় প্রতিষ্ঠানকে জবাবদিহি করতে হতো। এখন সংসদে কোনো বিভাজন নেই। সবার একদল, এক আত্মা, এক অভিপ্রায়, এক লক্ষ্য। তাই বলতে হয় কে কার জবাবদিহি করবে। বস্তুত কে কার অলঙ্কার হয়ে 'শোভা' বর্ধন করছে। সবচেয়ে আকর্ষণীয় যে বিষয়টি সেখানে সন্নিবেশিত রয়েছে। সেটি হলো দুর্নীতির বিরুদ্ধে জিরো )টলারেন্স নীতি গ্রহণ। বাংলাদেশে এই জিরো টলারেন্স হচ্ছে, শূন্যের ডানে যদি আরো হাজারটা শূন্য বসানো হয়, তবে তার যোগফল সেই শূন্য হবে। যদি বায়ে কোনো অঙ্ক লেখা হয়। তবেই সেটা অর্থবোধক হতে পারে। কিন্তু শাসক কেবল ডানেই হাজারটা শূন্য বসিয়ে চলেছে। তার যোগফল শুধু শূন্য নয় বরং আরো একটা ইকোয়েশন আছে। সেটা হলো সমান সমান বেনজীর আর আজিজ। এই লেখা শেষ করতে চাই আর একটি শ্লোক যোগ করে। সেটা হলো, যত গর্জে তত বর্ষে না। এই জনপদের মানুষ গর্জন শুনে এখন চাতকের মতো আকাশের দিকে চোখ মেলে আছে। কিন্তু তার চোখে মুখে এক ফোঁটা বারিবিন্দু ঝরছে। কথায় কখনো চিঁড়া ভিজে না। চিঁড়া ভিজাতে পানির দরকার। সে পানি কোথায়।

## নামাজের সময়-সূচী

| জুন | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ |
|---|---|---|---|---|---|---|---|
| ফজর | ৩.৪৪ | ৩.৪৪ | ৩.৪৫ | ৩.৪৫ | ৩.৪৫ | ৩.৪৫ | ৩.৪৫ |
| সূর্যোদয় | ৫.২৩ | ৫.২৩ | ৫.২৩ | ৫.২৪ | ৫.২৪ | ৫.২৪ | ৫.২৪ |
| জোহর | ১২.৫৭ | ১২.৫৭ | ১২.৫৭ | ১২.৫৭ | ১২.৫৭ | ১২.৫৭ | ১২.৫৮ |
| আসর | ৬.১১ | ৬.১১ | ৬.১১ | ৬.১২ | ৬.১২ | ৬.১২ | ৬.১২ |
| মাগরিব | ৮.২৯ | ৮.৩০ | ৮.৩০ | ৮.৩০ | ৮.৩০ | ৮.৩১ | ৮.৩১ |
| এশা | ১০.০৯ | ১০.০৯ | ১০.১০ | ১০.১০ | ১০.১০ | ১০.১০ | ১০.১০ |

## বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

# ঈদের খুশী ছড়ি পড়ুক

## ॥ আহবাব চৌধুরী খোকন ॥



ফিরে এসেছে মুসলিম সম্প্রদায়ের বৃহত্তম ধর্মীয় উৎসব ঈদুল আযহা। সকলকে জানাচ্ছি পবিত্র ঈদের শুভেচ্ছা ঈদ মোবারক। মুসলমানদের জন্য ঈদ আনন্দের একটি দিন। সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব হযরত মুহাম্মদ (সঃ) এর জীবদ্দশায় আরবী হিজরী দ্বিতীয় সনে মুসলিম সম্প্রদায়ের মধ্যে ঈদ উৎসব পালনের রেওয়াজ চালু হয়। তারপর থেকে প্রতিবছর আরবী জিলহজ্ব মাসের দশ তারিখে পৃথিবী ব্যাপী একই দিনে এই উৎসব পালিত হয়ে আসছে। এক সময় আরবদের মধ্যে উৎসবের নামে অশ্লীলতা ও বেহায়াপনা চালু ছিলো। রাসুলে করিম (সঃ) মক্কা থেকে মদীনায় হিযরত করার পর মুসলমানদের জন্য ঈদুল ফিতির ও ঈদুল আযহা নামে দুটি উৎসব চালু করেন। ঈদুল আযহায় অবস্থা সম্পন্ন মুসলমান রা আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য পশু কুরবানী দিয়ে থাকেন। হযরত ইবরাহীম (আঃ) তাঁর প্রিয় পুত্র ইসমাঈল (আঃ) কে আল্লাহর রাহে কুরবানী দিতে চেয়ে ত্যাগের যে দৃষ্টান্ত স্থাপন করেছিলেন তারই অনুস্মরণে ঈদুল আযহায় সচ্ছল সকল মুসলমানরা কোরবানী দিয়ে থাকেন।

ঈদ মানে আনন্দ। ঈদ মানে উৎসব। ঈদ এলে ধনী গরিব নির্বিশেষে সকল মানুষ হিংসা বিদ্বেষ এবং পাওয়া না বেদনা ভুলে দুর্নিবার আনন্দে মেতে উটে। মুসলমানরা বছরে দুটি ঈদ উদযাপন করে থাকেন। একটি ঈদুল ফিতর এবং অন্যটি ঈদুল আযহা। এই দুটি ঈদের গুরুত্ব ও আনন্দ সমান। ঈদের কথা মনে হলে চোঁখের সামনে ভেসে উটে ছোট বেলার ঈদ উদযাপনের স্মৃতি। এক সময় ঈদকে কেন্দ্র করে আমার কত প্রস্তুতি থাকতো। শুধু আমি নই, ঈদকে ঘিরে ছোট বেলায় প্রত্যেককের জীবনে এমন বহু স্মৃতি রয়েছে। ঈদ এলে পুরো বাড়ীকে অপরূপ সাজে সাজিয়ে তুলতাম। বড়দের সাথে গরু কিনতে হাটে যেতাম। এক হাটে গিয়ে গরু পছন্দ হতো না। ফলে চার পাশের অনেকগুলো গরুর হাট ঘুরে দেখতে হতো। এক হাট থেকে আরেক হাটের দুরত্ব ছিল ১৫ থেকে ২০ মাইল। এভাবে হাট ঘুরতে ঘুরতে দুই তিন দিন সময় লেগে যেতো। ঈদের দিন ভোর বেলা আমরা দল বেঁধে পুকুরে গোছল করে তারপর নতুন জামা কাপড় পরে নামাজ পড়তে ঈদগাহে যেতাম। আমাদের বাড়ী থেকে ঈদ গাহের দুরত্ব ছিল দুই মাইল। আমরা দল বেঁধে পায়ে হেটে নামাজ পড়তে যেতাম। ঈদের দিনে ঈদগাহের চারিদিকে মেলা বসতো। নানা জাতের খেলনা, মুড়ির মোয়া, বাতাসা, তিলুয়া, চকলেট, ইত্যাদির পশরা নিয়ে বসাতো মেলা। ঈদের পূর্ব রাত বন্ধু -বান্ধব মিলে আড্ডা দিতাম। সেই আড্ডার বহু সাথী এখন আর এই ইহজগতে নেই। গরুর জবেহ হলে কোরবানীর মাংশ বিলিয়ে দিতাম গরীব দুঃখি মানুষদের মধ্যে। ।ঈদ উপলক্ষে বিটিভি'র বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতো। হলে হলে নতুন সিনেমা মুক্তি পেতো। সংবাদপত্রসমূহ এখনকার মত বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করতো। তাতে থাকতো খ্যাতনামা লেখক ও সাহিত্যিকদের লেখা। স্থানীয় বিভিন্ন ক্লাব ম্যাগাজিন প্রকাশের আয়োজন করতো। এইভাবে প্রচন্ড আনন্দে কেটেছে ছোট বেলার ঈদ। এখন ব্যস্ত এই প্রবাস জীবনে সাধ ও সাধ্যের কারণে আনন্দে কিছুটা ঘাটতি দেখা দিলেও ঈদকে ঘিরে সকলেরই কম বেশী প্রস্তুতি থাকে।

ধর্মীয় দৃষ্টিকোন থেকে ঈদুল আযহার গুরুত্ব অপরিসীম। এই ঈদকে ভিন্ন অর্থে কুরবানীর ঈদ নামে পরিচিত। মুসলমানদের আদি পিতা আদম (আঃ) এর দুই পুত্র কাবীল ও হাবীলের দেওয়া কুরবানী থেকে এই ঈদের গোড়াপত্তন। কুরবানীর মাধ্যমে মুসলমান সম্প্রদায় আল্লাহর নৈকট্য লাভের চেষ্টা করে থাকেন। আরবী যিলহজ্জ মাসের ১০ থেকে ১২ তারিখের মধ্যে কোরবানী সম্পন্ন করতে হয়। কোরবানীর পশু জবেহ করে আত্মীয় স্বজন, পাড়া প্রতিবেশী ও দরিদ্র মানুষের মধ্যে বন্টন করে দিতে হয়। ধনী গরিব নির্বিশেষে সবাই যাতে একত্রে একই দিনে ঈদ উদযাপন করতে পারেন সেই জন্য এই ব্যবস্থা।

ঈদুল আযহার এই পবিত্র মাসে মুসলমানরা মক্কা নগরীর আরাফাত প্রান্তরে উপস্থিত হয়ে হজ্বব্রত পালন করে থাকেন। হজ্ব ইসলামের পাঁচটি স্থম্বের মধ্যে একটি। হজ্জ সম্পন্ন হলে হাজীরা ঈদের দিনে মক্কায় উপস্থিত হয়ে পশু কুরবানী করে থাকেন। পশু কোরবানী হচ্ছে আল্লাহর রাহে ত্যাগের একটি প্রতিকী ব্যবস্থা। কোরবানী হচ্ছে আল্লাহর একাত্ববাদ ও তাঁর সৃষ্টির প্রতি শর্তহীন আত্নসমর্পনের বহিঃপ্রকাশ। ঈদের দিনে প্রতিফলিত হয় বিশ্ব মুসলমনদের মধ্যে ভ্রাতৃত্ববোধ। কুরবানী দেওয়া পশুর একটি নির্দিষ্ট অংশ গরীব দুঃখি মানুষের মধ্যে বন্টন করে দেওয়ার রেওয়াজ চালু করে মূলত: আল্লাহ সমাজের অবেহেলিত ও বঞ্চিত মানুষের প্রতি আমাদের দায়িত্ববোধের কথা স্মরণ করিয়ে দেন। আমাদের মধ্যেকার সকল পশুবৃত্তি, স্বার্থপরতা, হিংসা, বিদ্বেস ও অসততা ভুলে আমরা যদি পরিশুদ্ধ অন্তরে আল্লাহরে রাহে কোরবানী দিতে পারি তাহলেই কেবল স্বার্থকতা পাবে ঈদুল আযহার শিক্ষা। ঈদের আনন্দ ছড়ি পড়ুক সর্বত্র। সবাইকে আবারো ঈদের শুভেচ্ছা। ঈদ মোবারক।

**লেখক: কলাম লেখক ও কমিউনিটি নেতা, নিউইয়র্ক।**

# ঈদুল আজহার মর্মবাণী

## ॥ ড. মোহাম্মদ আবদুল মজিদ ॥

'আজ আল্লার নামে জান কোরবানে ঈদের পূত বোধন!
ওরে হত্যা নয় আজ 'সত্যাগ্রহ' শক্তির উদ্বোধন!'
(কাজী নজরুল ইসলাম, কোরবানি, অগ্নিবীণা)

ঈদ উৎসবে উৎসর্গের সব আয়োজন আপ্যায়নের মর্মবাণীই হলো সামাজিক সমতা-সখ্য বৃদ্ধি এবং সম্পদ, সুযোগ ও সৌভাগ্যকে বণ্টন ব্যবস্থাপনার মধ্যে আনা। ব্যষ্টিক ও সামষ্টিক অর্থনীতিতে যা নেয়ামক ভূমিকা পালন করে। আত্মশুদ্ধির জন্য উৎসর্গ বা সংহার প্রকৃত প্রস্তাবে খোদাভীতি ও তাঁর সন্তুষ্টি অর্জনের উপায় হিসেবে জীবে প্রেম বা দয়া ও সেবার প্রেরণা প্রদায়ক হিসেবে প্রতিভাত হয়। ঈদুল আজহার উৎসব, হজ পালন ও পশু কোরবানি সূত্রে সমাজ ও অর্থনীতিতে বিশেষ তাৎপর্যবাহী প্রভাব ও কর্মচাঞ্চল্য সৃষ্টি করে।

হজ পালন ঈদুল আজহা উৎসবের একটি বিশেষ অংশ। পবিত্র হজ অনুষ্ঠান পালনের মাধ্যমে বিশ্বের সব দেশের মুসলমানগণ সমবেত হন এক মহাসম্মিলনে। ভাষা ও বর্ণগত, দেশ ও আর্থিক অবস্থানগত সব ভেদাভেদ ভুলে সবার অভিন্ন মিলনক্ষেত্র কাবা শরিফে একই পোশাকে, একই ভাষায় একই রীতি রেওয়াজের মাধ্যমে যে ঐকতান ধ্বনিত হয় তার চেয়ে বড় ধরনের কোনো সাম্য মৈত্রীর সম্মেলন বিশ্বের কোথাও অনুষ্ঠিত হয় না। হজ পালনের মাধ্যমে পৃথিবীর বিভিন্ন প্রান্তের বিভিন্ন রং ও গোত্রের মানুষের মধ্যে এক অনির্বচনীয় সখ্য সংস্থাপিত হয়। বৃহত্তর সামাজিক কল্যাণের যা অনুপম আদর্শ বলে বিবেচিত হয়।

ঈদুল আজহা উদযাপনে অর্থনীতিতে ব্যাপক মুদ্রা সরবরাহ, শিল্প উৎপাদন ও ব্যবসা-বাণিজ্যসহ নানান অর্থনৈতিক কর্মকান্ডের প্রসার ঘটে। এ উৎসবে অর্থনীতির বিভিন্ন খাতে ব্যাপক আর্থিক লেনদেনসহ বহুমুখী অর্থনৈতিক কর্মকান্ড পরিচালিত হয়, যা গোটা অর্থনীতি তথা দেশজ উৎপাদন ব্যবস্থাপনায় শনাক্তযোগ্য প্রভাব পরিলক্ষিত হয়। হজ পালন উপলক্ষে বৈদেশিক মুদ্রাসহ বিপুলসংখ্যক অর্থ লেনদেন হয়ে থাকে। এবারও বাংলাদেশ থেকে ৮৫ হাজারের বেশি হাজি হজে গেছেন। প্রতিজনে গড়ে ১০ লাখ টাকা ব্যয় নির্বাহ করলে এ খাতে মোট অর্থব্যয়ের পরিমাণ দাঁড়ায় ১০ হাজার কোটি টাকার বেশি, বৈদেশিক মুদ্রায় ১.৩ বিলিয়ন মার্কিন ডলার। হাজিদের যাতায়াতসহ সেখানকার ব্যয় বৈদেশিক মুদ্রাতেই নির্বাহ হয়। এর সঙ্গে এ হজের ব্যবস্থাপনা ব্যয়েও উল্লেখযোগ্য পরিমাণ বাংলাদেশি টাকা ও বিদেশি মুদ্রা ব্যয়ের সংশ্লেষ রয়েছে। ব্যাংকিং সেক্টরে এ উপলক্ষে লেনদেন ও সেবা সূত্রে ব্যয় বেড়েছে। গোটা সৌদি আরবের অর্থনীতি সেই প্রাচীনকাল থেকেই হজ মৌসুমের অর্থনৈতিক কর্মকান্ড বা ব্যবসা-বাণিজ্যকে ঘিরে বা অবলম্বন করে আবর্তিত হয়।

কোরবানি উপলক্ষে জাতীয় অর্থনীতিতে এক ব্যাপক আর্থিক কর্মকান্ড পরিচালিত হয় ঈদুল আজহায়। পরিসংখ্যান ব্যুরোর হিসাবমতে, বাংলাদেশে বছরে প্রায় ১ কোটি ১০ লাখ গরু ও ৭০-৭৫ লাখ খাসি কোরবানি হয়। বাংলাদেশ ট্যানার্স অ্যাসোসিয়েশনের (বিটিএ) মতে, ২০২৩ সালে ৮০-৮৫ লাখ গরু ও ৭০ লাখ খাসি কোরবানি হয়। গরুপ্রতি গড় মূল্য ৬০ হাজার টাকা দাম ধরলে এ ৮৫ লাখ গরু বাবদ লেনদেন হয়েছিল ৩৪ হাজার কোটি টাকা এবং ৭০ লাখ খাসি (গড়ে ৮ হাজার টাকা দরে) ৮ হাজার কোটি টাকা অর্থাৎ পশু কোরবানিতে প্রায় ৪০-৪২ হাজার কোটি টাকার ব্যবসা হয়েছিল। কোরবানি উপলক্ষে বাংলাদেশের প্রায় ৬ হাজার কোটি টাকার বৈদেশিক মুদ্রা ব্যয় হয় এ খাতে। কোরবানিকৃত পশুর সরবরাহ, কেনাবেচার শুমার ও পরিসংখ্যান পর্যালোচনা করলে দেখা যায়- চাঁদা, টোল, বখশিশ, চোরাকারবার, ফড়িয়া, দালাল, হাসিল, পশুর হাট ইজারা, চাদিয়া, বাঁশ খুঁটির ব্যবসা, পশুর খাবার, পশু কোরবানি ও বানানো এমনকি পশুর সাজগোজ বাবদও এক বিপুল পরিমাণ অর্থ হাতবদল হয়ে থাকে, অর্থাৎ অর্থনীতিতে ফর্মাল ইনফর্মাল ওয়েতে আর্থিক লেনদেন বা মুদ্রা সরবরাহ বেড়ে যায়।

কোরবানিকৃত পশুর চামড়া আমাদের অর্থনীতিতে রপ্তানি বাণিজ্যে, পাদুকা শিল্পে পোশাক, হস্তশিল্পে এক অন্যতম উপাদান হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। এ চামড়া সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, বিক্রয় ও ব্যবহার উপলক্ষে উল্লেখযোগ্য সংখ্যক মানুষের ও প্রতিষ্ঠানের কর্মযোজনা সৃষ্টি হয়। এ চামড়া সংগ্রহ সংরক্ষণ প্রক্রিয়াকরণের সঙ্গে ১৬ হাজার কোটি টাকার বিনিয়োগ ও ব্যবসা জড়িত। রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলো প্রতি বছর প্রায় ৫০০ কোটি টাকা বিশেষ ঋণ দিয়ে থাকে, বেসরকারি ব্যাংকগুলো ৮০-১০০ কোটি টাকা। চামড়া নিম্ন দামে পাচার হয়ে যাওয়ার ঝুঁকি মোকাবিলার বিষয়টি গুরুত্বপূর্ণ। দেশি-বিদেশি সিন্ডিকেটের কবল থেকে চামড়া ব্যবসাকে উদ্ধারের কোনো বিকল্প নেই। দেশে নিজেদের চামড়া প্রক্রিয়াকরণ এবং উপযুক্ত মূল্যে তা রপ্তানির প্রণোদনা সৃষ্টি করেই এ পরিস্থিতি থেকে নিষ্কৃতি লাভ ঘটতে পারে। লবণ চামড়া সংরক্ষণের একটি অন্যতম উপাদান। ২০২৩ সালে সরকারকে ২০-২৫ হাজার টন লবণ শুল্কমুক্ত আমদানির উদ্যোগ নিতে হয়েছিল যাতে সিন্ডিকেট করে লবণের কৃত্রিম সংকট তৈরি না হয়।

কোরবানি পশুর মাংস আমিষ জাতীয় খাদ্যের উপাদান এবং এ মাংসের বিলি-বণ্টন প্রক্রিয়ায় রয়েছে আর্থসামাজিক তাৎপর্য-ধনী দরিদ্র নির্বিশেষে বছরের একটা সময়ে সবাই আমিষপ্রধান এ খাদ্যের সন্ধান/সরবরাহ লাভ করে থাকে। মাংস রান্নার কাজে ব্যবহৃত মসলা বাবদ প্রায় ৩ হাজার কোটি টাকার ব্যবসা হয়ে থাকে এ সময়ে। এ সময়ে অবধারিতভাবে রেমিট্যান্স বৃদ্ধি পায়। ঈদ উপলক্ষে পরিবহন ব্যবস্থায় বা ব্যবসায় ব্যাপক কর্মতৎপরতা বেড়ে যায়। শহরের মানুষ আপনজনের সঙ্গে ঈদ উদযাপনের জন্য গ্রামে ছুটে। এক মাস আগে থেকে ট্রেন, বাস, লঞ্চের টিকিট বিক্রির তোড়জোড় দেখে বোঝা যায় এর প্রসার ও প্রকৃতি। নির্ধারিত ভাড়ার চেয়ে দ্বিগুণ দামে ফর্মাল টিকিট আর ইনফর্মাল টাউট দালাল ও বিবিধ উপায়ে টিকিট বিক্রির সার্বিক ব্যবস্থা বোঝা যায়- এক পরিসংখ্যানে দেখা যায় পরিবহন খাতে সাকুল্যে ২ হাজার কোটি টাকার বাড়তি ব্যবসা বা লেনদেন হয়েছিল। এটিও অর্থনীতিতে প্রাণচাঞ্চল্য সৃষ্টি করে।

এটা ঠিক অর্থনীতিতে মুদ্রা সরবরাহ, মুদ্রা লেনদেন, আর্থিক কর্মকান্ডের প্রসারই অর্থনীতির জন্য আয়। কর্মসংস্থান সৃষ্টি এবং মুদ্রা সরবরাহে গতিশীলতা আনয়ন। ঘূর্ণায়মান অর্থনীতির গতিপ্রবাহে যে কোনো ব্যয় অর্থনীতির জন্য আয়। দেশজ উৎপাদনে এর থাকে অনিবার্য অবদান। যে কোনো উৎসব অর্থনৈতিক কর্মকান্ডে গতিশীলতা আনয়ন করে, মানুষ জেগে ওঠে নানান কর্মকান্ডে, সম্পদ বণ্টন ব্যবস্থায় একটা স্বতঃপ্রণোদিত আবহ সৃষ্টি হয়। এ আবহকে স্বতঃস্বাভাবিক গতিতে চলতে দেওয়ায় কঠোরভাবে দেখভাল করতে পারলে অর্থাৎ সামষ্টিক ব্যবস্থাপনায় দক্ষতা ও পারঙ্গমতা দেখাতে পারলে এ কর্মকান্ড, এ মুদ্রা সরবরাহ, ব্যাংকের এ তারল্য তারতম্য, পরিবহন খাতের এ ব্যয় প্রবাহ একে স্বাভাবিক গতিতে ধরে রাখতে পারলে অর্থনীতির জন্য তা পুষ্টিকর প্রতিভাত হওয়ার সুযোগ তৈরি হতে পারে।

লেখক : সাবেক সচিব ও এনবিআরের সাবেক চেয়ারম্যান



# Tax & Consulting Services
for Individual and Businesses

## Southeast USA Group Inc.

**OUR SERVICES**
- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services

Southeast USA Group Inc



(917) 566-1612

**Prof. Ehteshamul Haque**
Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372
Visit: www.southeastusagroup.com



## Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
**718-431-0009**
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218



# LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

## ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ


ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

**MURAD HOSSAIN** MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



# অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ব ঠংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

**আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?**

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

## Law Offices of Ashok K. Karmaker, P.C.

**Queens Main Office:** Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
**Dhaka Office:** US-Bangladesh Global Law Associates Ltd.
Danielle Cione

**কাউন্টি কমিটি ০২৩/৩৩, নির্বাচিত হবে: ২**
গ্রুপ
Yvonne Scott
Nathaniel Regis
গ্রুপ
Soleil Griffin

**কাউন্টি কমিটি ০০৮/৩৯, নির্বাচিত হবে: ২**
গ্রুপ
Carlos Castro
গ্রুপ
Victoria Steinberg
Juan Galindo

**রিপাবলিকান পার্টি**

**অ্যাসেম্বলি সদস্য ২৫ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১**
Kenneth Paek
Kenneth Chiu

---

**রিচমন্ড কাউন্টি**
প্রতিদ্বন্দ্বিতা না থাকার কারণে রিচমন্ড কাউন্টি(স্টাটেন আইল্যান্ড)র ভোটকেন্দ্রগুলো বন্ধ থাকবে

---

**১৫ জুন, ২০২৪ তারিখ থেকে ২৩ জুন, ২০২৪ তারিখ পর্যন্ত অগ্রিম ভোট গ্রহণ করা হবে**

ভোট-কেন্দ্র খুঁজতে এবং ভোট দেয়ার সময়সূচী জানার জন্য আমাদের ওয়েব সাইট
**vote.nyc** দেখুন, অথবা
ফোন করুন টোল-ফ্রি: **(866) 868-3692**
টিটিওয়াই: **(212) 487-5496**

**দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক**
Executive Office, 32 Broadway, 7TH Floor
New York, NY 10004

**কমিশনারস অব ইলেকশনস**
Rodney L. Pepe-Souvenir— প্রেসিডেন্ট
Frederic M. Umane— সেক্রেটারি
Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Carol R. Edmead
Gino A. Marmorato
Jodi Morales
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan

# কবি নজরুলের ভাষায় কোরবানি

## সোহেল সানি

> *কবির ঈদুল ফিতরের সংগীতটিই ছিল ইসলামী সংগীত রচনার ক্ষেত্রে ‘মাইলফলক’। বিশেষ করে তখনকার ভারতীয় মুসলিম সমাজ, হিন্দু শ্যামাসংগীত রচনার জন্য যে নজরুলকে ‘কাফের’ বলত, সেই সমাজই ক্রমে তাঁকে সানন্দে গ্রহণ করল। বছর ঘুরে মুসলমানদের জন্য ঈদ-কোরবানি এলে নজরুলের এ সংগীত ও রচনা ধ্বনিত, প্রতিধ্বনিত হয়ে আকাশে-বাতাসে অনুরণনের সৃষ্টি করে চলতে থাকে, সে কেবল বাংলাদেশে নয়, পশ্চিম বাংলাসহ সারা দুনিয়ার বাংলা-ভাষাভাষী প্রবাসী বাঙালিদের হৃদয়ে। সত্যিই কবি ঈদুল ফিতরের ন্যায় ঈদুল আজহার তাৎপর্যকেও মহিমান্বিত করেছেন, কাব্যিক ছন্দে, সুরের ফল্‌গুধারায়।*

ঈদ উৎসবের ন্যায় কোরবানিকেও সংগীত-ছন্দে সুরারোপিত করেছেন কবি কাজী নজরুল ইসলাম।

১৯৩৭ সালে অনবদ্য এক রচনা তাঁর, “ও মোর রমজানের এই রোজা শেষে এলো খুশির ঈদ”...

তারপর কোরবানি নিয়ে তাঁর রচনা,

“তোরা ভোগের পাত্র ফেলরে ছুঁড়ে ত্যাগের তরে হৃদয় বাঁধ।”

ঈদুল ফিতরের সংগীতটিতে ছিল, কবির স্ব-কণ্ঠেরই সুর। কণ্ঠশিল্পী আব্বাসউদ্দীনের অনুরোধেই লিখেছিলেন, অপূর্ব ওই সংগীতটি। এ ছাড়াও ‘অগ্নিবীণা’ কাব্যগ্রন্থের ‘কোরবানি’ কবিতায় জাতীয় কবি নজরুল বলেছেন, ওরে হত্যা নয় আজ ‘সত্যাগ্রহ’ শক্তির উদ্বোধন!/এই দিনই ‘মীনা’-ময়দানে/পুত্র-স্নেহের গর্দানে/ছুরি হেনে খুন ক্ষরিয়ে নে/রেখেছে আব্বা ইব্রাহিম্ সে আপনা রুদ্র পণ!/ছি ছি! কেঁপো না ক্ষুদ্র মন!...

আজ আল্লার নামে জান কোরবানে ঈদের পূত বোধন!/ওরে হত্যা নয় আজ ‘সত্যাগ্রহ’ শক্তির উদ্বোধন!

কবি নজরুল যখন ইসলামী সংগীত লেখা শুরু করেন, তখন বাংলার রাজধানী কলকাতায় হিন্দু শিল্পীদের জয়জয়কার। তাই মুসলিম নাম ধারণ করে হিন্দুরাই তাঁর গান গাইতেন।

কবির ঈদুল ফিতরের সংগীতটিই ছিল ইসলামী সংগীত রচনার ক্ষেত্রে ‘মাইলফলক’। বিশেষ করে তখনকার ভারতীয় মুসলিম সমাজ, হিন্দু শ্যামাসংগীত রচনার জন্য যে নজরুলকে ‘কাফের’ বলত, সেই সমাজই ক্রমে তাঁকে সানন্দে গ্রহণ করল। বছর ঘুরে মুসলমানদের জন্য ঈদ-কোরবানি এলে নজরুলের এ সংগীত ও রচনা ধ্বনিত, প্রতিধ্বনিত হয়ে আকাশে-বাতাসে অনুরণনের সৃষ্টি করে চলতে থাকে, সে কেবল বাংলাদেশে নয়, পশ্চিম বাংলাসহ সারা দুনিয়ার বাংলা-ভাষাভাষী প্রবাসী বাঙালিদের হৃদয়ে। সত্যিই কবি ঈদুল ফিতরের ন্যায় ঈদুল আজহার তাৎপর্যকেও মহিমান্বিত করেছেন, কাব্যিক ছন্দে, সুরের ফল্‌গুধারায়।

“কোরবানি কী এবং কেন?”

পবিত্র কোরআনে ‘কোরবান’ শব্দ ব্যবহৃত হলেও ফারসি ও হিন্দি-উর্দুতে শব্দটিকে “কোরবানি” রূপ দেওয়া হয়েছে। অর্থ, ‘নৈকট্য’। অর্থাৎ চিত্তশুদ্ধির ও পবিত্রতার প্রধান মাধ্যম হলো কোরবান বা কোরবানি। কোরবানি বা কোরবান শব্দটি ‘কোরবুন’ মূলধাতু থেকে উদ্ভূত। যার বঙ্গানুবাদ সান্নিধ্য লাভ বা নৈকট্য অর্জন করা। অর্থাৎ বান্দা হিসেবে তার প্রিয়বস্তুকে মহান সৃষ্টিকর্তা আল্লাহর সন্তুষ্টির জন্য উৎসর্গ করা। ঈদুল ফিতর একটি সামাজিক উৎসব, সমষ্টিগতভাবে আনন্দের অধিকারগত উৎসব। অন্যদিকে ঈদুল আজহা উৎসবের একটি অঙ্গ হচ্ছে কোরবানি। কোরবানি হলো চিত্তশুদ্ধির এবং পবিত্রতার মাধ্যম। এটি সামাজিক রীতি হলেও আল্লাহর জন্যই এ রীতি প্রবর্তিত হয়েছে। কাফির-মুশ-রিকরা তাদের দেব-দেবীর সম্মানে পশু বলি দেয়। মুসলমানরা কোরবানি দেয় আল্লাহর উদ্দেশ্যে। নানা ইতিহাস গ্রন্থ ও ঐতিহাসিক সূত্র থেকে বাংলাদেশে ঈদুল ফিতর বা ঈদুল আজহা পালনের তথ্য পাওয়া যায় যে, ১২০৪ খ্রিস্টাব্দে বঙ্গদেশ মুসলিম অধিকারে এলেও এ দেশে নামাজ, রোজা ও ঈদ অনুষ্ঠানের প্রচলন হয়েছে তার বেশকিছু আগে থেকে। কারণ বঙ্গদেশ যুদ্ধবিগ্রহের মাধ্যমে মুসলিম অধিকারে আসার বহু আগে থেকেই মধ্য ও পশ্চিম এশিয়া থেকে মুসলিম সুফি, দরবেশ, সাধকরা ধর্ম প্রচারের উদ্দেশ্যে পূর্ব বাংলায় আস্তানা গড়েন। অন্যদিকে আরবীয় ও অন্যান্য মুসলিম দেশ থেকে বণিকরা চট্টগ্রামের বন্দর হয়ে বাংলার সঙ্গে বাণিজ্য সম্পর্ক তৈরি করেন এবং ধর্মীয় ভাবগাম্ভীর্য প্রচার করেন। সেই থেকে পূর্ব বাংলার ওপর একটি মুসলিম সংস্কৃতি তথা ধর্মীয় প্রভাব পড়ে তাতে কোনো সন্দেহ নেই। বাঙালির ‘ঈদ’ উৎসবের সূচনাও ঠিক এভাবেই হয়েছে বলে ধারণা করা হয়। ঈদুল আজহা বা কোরবানি ঈদে বিভিন্ন দেশে মুসলমানরা সাধারণত উট, দুম্বা, ভেড়া, বকরি বা ছাগল, মহিষ, গরু ইত্যাদি কোরবানি দিয়ে থাকেন। তবে আদিকালে আমাদের দেশে কোরবানির জন্য ছাগল বেশি জনপ্রিয় ছিল, কেননা তখন গরু কোরবানি করা খুব একটা সহজ ব্যাপার ছিল না। এর কারণ হিসেবে একটি তথ্যে দেখা যায়, ১০০-১৫০ বছর আগে বাংলাদেশে গরু কোরবানি দেওয়া ছিল প্রায় অসম্ভব। কোরবানি যদি কেউ দিতে চাইত তাহলে খাসি বা ছাগলই দিত। তৎকালীন বিখ্যাত সাহিত্যিক-রাজনীতিক আবুল মনসুর আহমদ তাঁর আত্মজীবনীতে সে সময় ঈদুল আজহা সম্পর্কে বর্ণনা দিয়েছেন, ‘বকরা ঈদে কেউ গরু কোরবানি করত না। সে আমলে পরাক্রমশালী জমিদারদের তরফ থেকে গরু কোরবানি কড়াকড়িভাবে সর্বত্রই নিষিদ্ধ ছিল। শুধু বকরি কোরবানি করা চলত। মুঘল যুগে বাংলাদেশে ঈদুল আজহা কীভাবে উদযাপন করা হতো তা জানা যায়নি। এমনকি উনিশ শতকের শুরুতে ঈদুল আজহার তেমন কোনো বিবরণ পাওয়া যায়নি।

আরেকটি গুরুত্বপূর্ণ সত্য হলো, ১০০-১৫০ বছর আগে ঈদ মুসলমানদের প্রধান উৎসব হিসেবে তেমনভাবে উদযাপিত না হওয়ার মূল কারণ ছিল সরকারি পৃষ্ঠপোষকতা না পাওয়া। এ ছাড়াও বিত্তহীনদের দরিদ্রতার কারণে মানুষের স্বতঃস্ফূর্ত আশা-আকাঙ্ক্ষার স্ফুরণ না ঘটা। যদিও এ অবস্থার পরিবর্তন এনেছিল ফরায়েজী আন্দোলন (১৮১৫ খ্রি.)। উনিশ শতকের গোড়ায় যখন রাজনৈতিকভাবে মুসলিম স্বাতন্ত্র্যবাদী আন্দোলন শুরু হয়েছিল তখন থেকেই গুরুত্ব পেয়েছে ঈদ। তবে খানিকটা জাঁকজমকের সঙ্গে দুটি ঈদ উদযাপনের মধ্যে আছে বিত্তের সম্পর্ক।

স্বাভাবিকভাবেই শহর, মফস্বল ও গ্রামাঞ্চলে যারা ধনী, বিত্তবান তাদের ঈদ আর সাধারণ মানুষের ঈদের মধ্যে রয়েছে বিস্তর পার্থক্য। অতীতে মুসলমানদের ঈদুল ফিতর যেমন বাংলাদেশে বড় কোনো ধর্মীয় উৎসব হিসেবে উদযাপিত হয়নি, তেমনি উদযাপিত হয়নি ঈদুল আজহাও। আজকে আমরা স্বতঃস্ফূর্তভাবে আনন্দ ও ধুমধামের সঙ্গে ঈদুল আজহা উদযাপন করি তা মাত্র ৬০-৭০ বছরের ঐতিহ্য।

লেখক: সহকারী সম্পাদক বাংলাদেশ প্রতিদিন



# লিংকন ও কার্ল মার্কস থেকে কুরবানির যে শিক্ষা পাই

॥ সাইফুর রহমান ॥

> **২২ সেপ্টেম্বর ১৮৪২ সাল। ভোরের আলো ইতোমধ্যে বেশ খানিকটা ফুটে উঠেছে চারদিকে। জেমস শিল্ডস তার গায়ে চাপানো ওয়েস্ট কোটের পকেট থেকে ঘড়িটি বের করে বারবার শুধু চোখ বুলাচ্ছেন। তবে কি লিংকন আসবে না লড়তে তার সঙ্গে। মিসিসিপি নদীর এক পাশে মিজৌরি অন্য পাশে ইলিনয় রাজ্য। জেমস শিল্ডস এবং আব্রাহাম লিংকন দুজনেরই আবাস ইলিনয় রাজ্যে হলেও অসিযুদ্ধের স্থান হিসাবে বেছে নেওয়া হয়েছে নদীর যে পাশটায় মিজৌরি রাজ্য সেখানে। কারণ অন্য কিছু নয় ১৮৩৯ সালেই আইন করে ইলিনয় রাজ্যে ডুয়েলিং অর্থাৎ অসিযুদ্ধ বন্ধ করে দেওয়া হয়েছে। জেমস শিল্ডস ও আব্রাহাম লিংকন দুজনই আইনজীবী ও রাজনীতিবিদ।**

২২ সেপ্টেম্বর ১৮৪২ সাল। ভোরের আলো ইতোমধ্যে বেশ খানিকটা ফুটে উঠেছে চারদিকে। জেমস শিল্ডস তার গায়ে চাপানো ওয়েস্ট কোটের পকেট থেকে ঘড়িটি বের করে বারবার শুধু চোখ বুলাচ্ছেন। তবে কি লিংকন আসবে না লড়তে তার সঙ্গে। মিসিসিপি নদীর এক পাশে মিজৌরি অন্য পাশে ইলিনয় রাজ্য। জেমস শিল্ডস এবং আব্রাহাম লিংকন দুজনেরই আবাস ইলিনয় রাজ্যে হলেও অসিযুদ্ধের স্থান হিসাবে বেছে নেওয়া হয়েছে নদীর যে পাশটায় মিজৌরি রাজ্য সেখানে। কারণ অন্য কিছু নয় ১৮৩৯ সালেই আইন করে ইলিনয় রাজ্যে ডুয়েলিং অর্থাৎ অসিযুদ্ধ বন্ধ করে দেওয়া হয়েছে। জেমস শিল্ডস ও আব্রাহাম লিংকন দুজনই আইনজীবী ও রাজনীতিবিদ। এই তো কিছুদিন আগেই আব্রাহাম লিংকন বিপুল ভোটে ইলিনয় রাজ্যের সংসদ-সদস্য হিসাবে নির্বাচিত হয়েছেন। অন্যদিকে জেমস শিল্ডস ওই রাজ্যের খ্যাতিমান আই-নজীবী। দুজনই রাজনীতির সঙ্গে সম্পৃক্ত বলেই হয়তো তাদের মধ্যে এ অসিযুদ্ধ দেখার জন্য সহস মানুষের আগমন ঘটেছে মিসিসিপি নদীর তীরঘেঁষে। লিংকন ও শিল্ডস এ দুজনের মধ্যে অসন্তোষ ধুমায়িত হয়ে ওঠার পেছনের কারণটি নিছক তুচ্ছ ও ভিত্তিহীন। ইলিনয় রাজ্যের একটি পত্রিকার নাম 'সানগামো'। সেই পত্রিকায় রেবেকা নামে জনৈক ছদ্মবেশী লেখিকা জেমস শিল্ডসের নামে নিন্দেমন্দ করে কিছু চিঠি লিখেছিলেন। সানগামো পত্রিকায় ধারাবাহিকভাবে সেই চিঠিগুলো প্রকাশিত হতে থাকে। লেখিকা রেবেকা শিল্ডসকে এই বলে দোষারোপ করতে থাকেন যে, একজন আইনজীবী হয়ে কীভাবে শিল্ডস ইলিয়ন রাজ্যের মানুষের অমঙ্গল হয়-এমন কিছু আইন তৈরিতে ভূমিকা রাখলেন। এ জন্য চিঠিগুলোতে তাকে কাপুরুষ বলে আখ্যায়িত করা হয় এবং যেহেতু তার পূর্বপুরুষ আয়ারল্যান্ড থেকে এসেছিলেন সেহেতু শিল্ডসকে আয়ারল্যান্ড ফিরে যেতে বলেন রেবেকা। জেমস শিল্ডসের ধারণা যে, চিঠিগুলো হয়তো রেবেকা নামের ছদ্মবেশে আসলে আব্রাহাম লিংকন কিংবা লিংকনের প্রণয়কন্যা মেরি টড লিখে পত্রিকায় পাঠাচ্ছেন। এ জন্য তিনি লিংকনকে অসিযুদ্ধে আহ্বান করলেন। রৌদ্রের তেজদীপ্ত আভা চারদিকে ছড়িয়ে পড়ার আগেই লিংকনও এসে উপস্থিত হলেন সেখানে। ছয় ফুট চার ইঞ্চি দীর্ঘকায় লিংকনের সামনে জেমস শিল্ডসকে বেশ খানিকটা খর্বকায়ই মনে হচ্ছিল। শিল্ডসকে দেখে মনে হচ্ছে যেন ক্রোধে তার সব শরীর কাঁপছে। অসিযুদ্ধের শুরুতেই অতিকায় লিংকন এক কোপে জেমস শিল্ডসের পাশের উইলো গাছের একটি প্রশাখা কচুকাটা করে দিলেন। এরপরই ঘটল ঘটনাটি। হঠাৎ দৈববাণীর মতো লিংকনের মনে কি যেন এক ভাবোদয়ের সৃষ্টি হলো কে জানে! তিনি মনে মনে ভাবলেন কেন তিনি আজ শিল্ডসের সঙ্গে এখানে এ অসিযুদ্ধে অবতীর্ণ হয়েছেন। যদিও সব দোষ জেমস শিল্ডসেরই। তিনিই লিংকনকে এখানে এ যুদ্ধে আহ্বান করেছেন। কিন্তু তারপরও তিনি কেন তার মনের অবাধ্য এ হিংস পশুটির নাগাল টেনে ধরতে ব্যর্থ হলেন। তবে কী জেমস শিল্ডসকে হারিয়ে তিনি তার হৃদয়শ্বরী মেরি টডকে মুগ্ধ ও বিমোহিত করতে চেয়েছিলেন। ছিঃ...ছিঃ... ছিঃ... নিজেকে আজ যথেচ্ছা ধিক্কার দিতে ইচ্ছা হলো তার। লিংকন শিল্ডসকে উদ্দেশ করে বললেন দেখতেই পাচ্ছ শিল্ডস। আমি তোমার চেয়ে অনেক বেশি শক্তিশালী। আমার হাত দুটোও তোমার হাতের চেয়ে বেশ লম্বা। আমি চাইলেই আমার তলোয়ারের এক ঘায়ে তোমার মুণ্ডুটি ধড় থেকে আলাদা করে দিতে পারি। কিন্তু এ যুদ্ধে আমি অংশ নিতে চাই না। আমাকে তুমি শুধু শুধুই সন্দেহ করছ। আমি সম্পূর্ণরূপে নির্দোষ ও নিরপরাধ। এসো তোমার প্রতি আমি আমার বন্ধুত্বের হাত বাড়িয়ে দিচ্ছি। ইত্যবসরে জেমস শিল্ডসও তার ভুল ঝুঝতে পারলেন এবং পরবর্তী দিনগুলোতে তারা বন্ধু হয়েই রইলেন। ঈদুল আজহা উৎসবটি বছরান্তে আমাদের মাঝে ফিরে আসে একটি নির্দিষ্ট সময়ে। নানা রং ও বর্ণের গবাদিপশুর সমারোহে খণ্ড খণ্ড হাট বসে শহর-গ্রামবাংলার আনাচে-কানাচে। হরেক রঙের গরু, মোষ, উট কিংবা ছাগল, ভেড়াগুলোকে দেখে মনে হয় যেন শিল্পীর পটে আঁকা কোনো ছবি। আমরা আমাদের সাধ্যমতো যে কোনো একটি পশু আল্লাহর সন্তুষ্টির জন্য কুরবানি দিয়ে থাকি। গরিব দুস্থদের মধ্যে গোশত বি-লবণ্টন ছাড়াও এর অন্য একটি বৃহৎ তাৎপর্য রয়েছে। বেশির ভাগ সময়ই আমরা সেই তাৎপর্যটি বেমালুম ভুলে যাই। একটি কুরবানি সম্পাদন করার মধ্য দিয়ে প্রত্যেক মানুষের মনের পশুটিকেও কুরবানি দিতে হয়। কিন্তু সমাজে আমরা কজন সেই মনের পশুটির কথা একটিবার চিন্তা করি। মনের পশু তো অনেক দূরের কথা আল্লাহর সন্তুষ্টির জন্যই যে আমরা কুরবানি দিচ্ছি সেটাই ভুলে যাই বেশির ভাগ ক্ষেত্রে। কেউ কেউ হাটের সবচেয়ে বড় গরুটি কিনে কুরবানি দেন। বিশ্বজুড়ে প্রতিবছর কুরবানি ঈদে ১০ কোটির কমবেশি পশু কুরবানি হয়। তার মধ্যে শুধু পাকিস্তানেই কুরবানি হয় এক কোটি পশু। সত্যি বললে বিশ্বজুড়ে ১০ কোটি কুরবানির পশু থেকে আহরিত গোশতের কতটুকু অংশ দুস্থ ও নিরন্ন মানুষের ভাগ্যে জোটে-সেটা বোধকরি সহজেই অনুমেয়। বিশেষ করে আমাদের দেশে দেখা যায় কুরবানি ঈদের আগেই ফ্রিজ রেফ্রিজারেটর কেনার মহোৎসব পড়ে যায় যাতে করে কুরবানির মাংসগুলো ভালো করে মজুত করে রাখা যায়। ঈদুল আজহার অর্থ হচ্ছে আত্মত্যাগের উৎসব। এ আত্মত্যাগ শুধু ভোজের মধ্যেই সীমাবদ্ধ থাকার কথা নয় এ আত্মত্যাগ হওয়া প্রয়োজন মনের পঙ্কিলতা, বিদ্বেষ ও হিংস তার। ঈদুল আজহার এ তাৎপর্য ও চেতনা আমাদের যেন কিছুই শেখাতে পারছে না আজকাল। আমাদের বেশির ভাগ মানুষের মনের ভেতরই বাস করে ভয়াবহ দৈত্যবৎ এক হিংস পশু যা আমাদের প্রায় প্রত্যেককেই গ্রাস করে রাখে। আজকাল আমরা এতটাই হিংস হয়ে উঠেছি যে, কারও কাজে ও কর্মে কিঞ্চিৎ ক্ষতিগ্রস্ত হলেই আমরা আমাদের সেই অঘোষিত প্রতিপক্ষকে আরও অধিক ও ভয়ানকভাবে আক্রমণ করি। অনেক ক্ষেত্রেই সেই আক্রমণ হয় কাপুরুষোচিত। ছুরি বসিয়ে দিই পেছন থেকে। রাজনৈতিক হীনস্বার্থসিদ্ধির জন্য রাতের অন্ধকারে তুলে নিয়ে আসি প্রতিপক্ষের কোনো রাজনৈতিক ব্যক্তিকে। চিরদিনের জন্য তাকে পাঠিয়ে দিই অজ্ঞাত কোনো স্থানে। মানুষের মনোজগতের এই যে ব্যাপক পরিবর্তন এটা কিন্তু অতীতে ছিল না। এই তো পঞ্চাশ-একশ বছর আগেও কারও সঙ্গে কারও শত্রুতা থাকলে সেই শত্রুতা নিরসনে একজন আরেকজনকে অসিযুদ্ধে অর্থাৎ ডুয়েলিংয়ে আহ্বান করতেন। ইতিহাসে এ রকম শত সহস উদাহরণ পাওয়া যাবে। তবে এ মুহূর্তে আমার কার্ল মার্কসকে নিয়ে একটি ঘটনা মনে পড়ছে। সেটা ছিল ১৮৩৬ সাল। কমিউনিজম দর্শনটির জন্মদাতা বিশ্ব বিশ্রুত কার্ল মার্কস যখন কলেজের পাঠ চুকালেন, তখন তাকে তার বাবা হেনরিক মার্কস পাঠিয়ে দিলেন জার্মানির বন বিশ্ববিদ্যালয়ে। বাবার দুই চোখে স্বপ্ন ছেলে একদিন অনেক বড় আইনজীবী হবে। এটা হয়তো অনেকেরই জানা নেই যে, ছাত্রাবস্থায় কার্ল মার্কস মেধাবী কিংবা মনোযোগী ছাত্র ছিলেন না। আইন পড়ায় মন না দিয়ে ডুবে রইলেন মদ, জুয়া, নিষিদ্ধ মাদকদ্রব্য ও কুসংসর্গে। মার্কসের বাবা ছেলের জন্য যে পরিমাণ টাকা পাঠাতেন তাতে পড়াশোনা ও দৈনন্দিন জলপানির খরচ হয়তো বা কোনো মতে নির্বাহ হতো। কিন্তু তার এ জুয়ার টাকা জোগান দেবে কে? আর এ জন্যই কার্ল মার্কসকে টাকা ধারের জন্য হাত পাততে হতো সতীর্থদের কাছে। কিন্তু ধীরে ধীরে ধার জমে গেল বিস্তর। ধার শোধ দেওয়ার সামর্থ্য নেই কার্ল মার্কসের। এদিকে বন্ধুরা সব প্রতিনিয়ত তাগাদা দিচ্ছে। অবশেষে এক বন্ধু কার্ল মার্কসকে আহ্বান জানালেন-ধার শোধ দাও নইলে অসিযুদ্ধে অবতীর্ণ হও। প্রতিপক্ষ বন্ধুর ছুড়ে দেওয়া চ্যালেঞ্জ ফিরিয়ে দেওয়ার উপায় নেই- কারণ তা না হলে বন্ধুর পাওনা সমুদয় অর্থ শোধ করতে হবে তাকে। সে সামর্থ্যও নেই কার্ল মার্কসের। অবশেষে অসিযুদ্ধে অবতীর্ণ হলেন তিনি। সেই ডুয়েলিংয়ে বেশ ভালো রকম আহত হন কার্ল মার্কস। নাকের ডগা থেকে কান অবধি গভীর ক্ষতের সৃষ্টি হয় বন্ধুর তরবারির আঘাতে। সেই ক্ষতস্থান ঢাকতে ১৪টি সেলাই দিতে হয় ডাক্তারকে। মার্কসের বাবা এসব শুনে নিদারুণ মর্মাহত হন। অবশেষে ছেলের যাবতীয় দেনা শোধ করে বন বিশ্ববিদ্যালয় থেকে ছেলেকে ছাড়িয়ে নিয়ে নতুন করে ভর্তি করিয়ে দিলেন বার্লিন বিশ্ববিদ্যালয়ে। আবার অনেক ক্ষেত্রে দেখা যায়, যেসব মানুষ আলোকিত ও বুদ্ধিমান তারা তাদের প্রতিপক্ষদের ঘায়েল করেন বুদ্ধিবৃত্তিকভাবে। এ মুহূর্তে অতীত হয়ে যাওয়া দুটি ঘটনা মনে পড়ছে। বিশিষ্ট রাজনীতিবিদ, কলামিস্ট ও আমার অগ্রজ সুহৃদ গোলাম মাওলা রনি দেশের একজন শীর্ষস্থানীয় ব্যবসায়ীর কোপানলে পড়ে বেশ কিছুদিন কারাগারে অন্তরীণ ছিলেন। কারাগার থেকে মুক্তি পেয়ে তিনি একটি গ্রন্থ রচনা করেন-'এমপির কারাদহন' শিরোনামে। তার সেই বইটি তিনি সেই শীর্ষস্থানীয় ব্যবসায়ীর নামেই উৎসর্গ করেন। বুদ্ধিবৃত্তিকভাবে এর চেয়ে ভালো চপেটাঘাত কীভাবে হতে পারে আমার জানা নেই। মনের পশু নিয়ে কড়চা অনেক হলো এবার বনের পশু অর্থাৎ কুরবানি ঈদ নিয়ে দু-চার কথা বলা যাক। আরব সেনাপতি মুহাম্মদ বিন কাসিম ৭১২ খ্রিষ্টাব্দে রাজা দাহিরের বিরুদ্ধে সেই যে যখন যুদ্ধ করেছিলেন, সেই তখন থেকে শুরু। ভারতবর্ষে ইসলাম ধর্ম প্রসারের সঙ্গে সঙ্গে এর অনুষঙ্গ হিসাবে ইসলামিক উৎসব ও আচার-অনুষ্ঠানেরও বিস্তৃতি ঘটতে থাকে। তবে বাংলাদেশে ঈদুল আজহা তথা কুরবানি শুরু হয় মুঘল আমলে বঙ্গের রাজধানী ঢাকা প্রতিষ্ঠিত হওয়ার পর অর্থাৎ ১৬০৮ সালের দিকে। সেই মুঘল আমল থেকে ইংরেজ আমলের অনেক দিন পর্যন্ত গরু কুরবানি হতো শুধু ঢাকায়। সে সময় মুসলমানদের জন্য ঢাকার বাইরে কুরবানি ঈদ পালন করাটা বেশ কষ্টসাধ্য ছিল। কেননা স্থানীয় হিন্দু জমিদাররা মুসলমান প্রজাদের কুরবানি দিতে বাধা দিতেন। ৭ ফেব্রুয়ারি ১৮৯০ সালের 'সুধাকর' পত্রিকাটির মাধ্যমে জানা যায় যে, বগুড়া জেলার নারহাট্টার জমিদারদের আমলারা মুসলমানদের কুরবানি দিতে দেয়নি। মুসলমানদের কুরবানি করতে না দেওয়ার ফলে হিন্দু ও মুসলমান এ দুই সম্প্রদায়ের মধ্যে তিক্ততা ক্রমান্বয়ে বাড়তে থাকে। অন্যদিকে ইংরেজ সরকার তা দেখেও না দেখার ভান করত। কারণ দুই সম্প্রদায়ের মধ্যে এ দ্বন্দ্ব তাদের শাসনকার্যের সুবিধার্থে বিশেষভাবে প্রয়োজন ছিল। কুরবানির ঈদের আরেকটি নাম যে 'বকরি' ঈদ সেই নামটিও এ কারণেই উদ্ভব হয়। হিন্দু জমিদারের আওতাধীন মুসলমানরা যেহেতু গরু কুরবানি দিতে পারত না, সেজন্য তারা ছাগল কুরবানি দিত। প্রথাগতভাবে শুধু একটি পশু কুরবানি করে আমাদের দায়িত্ব শেষ করলে চলবে না। যদিও ধর্মীয় রীতিনীতির কারণে আল্লাহর সন্তুষ্টির জন্যই আমরা কুরবানি দিয়ে থাকি কিন্তু এর অন্তর্নিহিত তাৎপর্যও আমাদের অনুধাবন করতে হবে। মনের সব জটিলতা, হিংসা-বিদ্বেষ দূর করে ঈদকে করতে হবে আরও মানবিক ও অর্থবহ-তবেই ঈদের খুশি হবে সার্বজনীন ও সবার জন্য কল্যাণকর।

লেখক: গল্পকার ও সুপ্রিম কোর্টের আইনজীবী


# হোমিও চিকিৎসা



## এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্বতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

**Homeopathy & Herbal**
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED



# ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

**ASTORIA PHARMACY**
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

**JACKSON HEIGHTS PHARMACY**
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

**LONG ISLAND CITY CHEMISTS**
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

**OPEN**
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

# সাহিত্য সাময়িকী

## ছায়াসঙ্গী

### নাসির আহমেদ

(জীবনানন্দ দাশকে মনে রেখে)

ছায়াসঙ্গী হয়ে আছোশব্দে-কল্পনায়
তুমি ছায়াময় বৃক্ষ,
হরিৎপাতার গন্ধ নাকে এসে লাগে
রোদ্দুরের ঝাঁঝলাগা বৃক্ষশূন্যতায়।
'ঘুরে ঘুরে আজো আসো জলের ঘূর্ণির মতো
জলহীন চৈতন্যের নদীসীমানায়'।

কে যেঘুরে ঘুরে আজো একা কথা কয় স্নায়ুকোষ জুড়ে!
অনিদ্রার দুঃসহ ক্লান্তির মধ্যে মধ্যরাতেও
তাঁর সঙ্গে দেখা হয়ে যায়।

যেন কাল-মহাকাল পেরিয়ে চলেছে স্মৃতি
বহতা নদীর মতো বাউল-সময়।

বাউল তো নই! আছি সংসারের নিত্যকর্মে;
স্ত্রী-পুত্র-কন্যা পাশে কী তৃপ্তির ঘুমের গভীরে মগ্ন!
উদ্বাস্তু নদীর মতো ভেসে যায় সমস্ত সংসার!
আমার ভেতরে তবু কী যে অতৃপ্তির বোধ,
মাথার ভেতরে খুঁড়ে চলে দুঃখমাটি,
বিষণ্ন বিকেল মরারোদ নিয়ে জেগে থাকে আমার সত্তাq।

গড়িয়া হাটের মোড়ে জনস্রোতেট্রাম যায়
ট্রামের ঘর্ঘর ধ্বনি ঘুমের ভেতরে বেজে চলে
ট্রামের চাকায় রক্ত দেখে আধোঘুমে
গোঁগোঁ করে ওঠে আজো আধুনিক বাংলা কবিতা!

শোকার্ত কবিতা কালো ব্যাজ বুকে নিয়ে
নিঃশব্দেই হেঁটে যায়ট্রামলাইন ধরে;
নিঃসঙ্গ চৈতন্য ভেসে যায় রক্তস্রোতে
ট্রামের ঘর্ঘর শব্দে পিষ্ট হতে থাকে
তোমার লাবণ্য কবি! তোমার নিসর্গ।

আমি সেই শোকগ্রস্ত ছায়াসঙ্গী অতৃপ্তির
কালো বেড়ালের নখে ছিন্নভিন্ন সারাক্ষণ
তুমি বৃক্ষ নির্বিকার বাতাসে মুখর!

## ঘুমন্ত শিশির

### মৌসুমী পুলেন

আমার পায়ের কাছে বয়ে যায়
বারুদ নদী, তুমি প্রেমহীন প্রতিশ্রুতি নিয়ে
বলো শব্দহীন হতে,
আগে যন্ত্রণার ভাষা রপ্ত করো
অতঃপর শুনাবে পরিণত পরিধির কথা

বাইরে উত্তপ্ত তমশা আর তুমি ঘরে বসে
চূড়ান্ত হিমশীতল।

## রঙের শৈলী

### সোহরাব পাশা

'একমাত্র তোমার দিকে চেয়ে আছি এখন
যে-রঙ পাইনি তুমি এনে দেবে'।
-নীরেন্দ্রনাথ চক্রবর্তী

নিজস্ব ভ্রমণে ব্যস্ত চোখ

দুর্বোধ্য রঙের শৈলী
হলুদ স্মৃতির ঘ্রাণ
অসমাপ্ত গানের টুকরো
ভুল পাঠ
আগুনের ফুল, নিঃস্বতার
দীর্ঘ ভিড়ে নির্জন কোলাহল;

অমীমাংসিত স্বপ্নের গল্প
মায়াপথ
পাতা ঝরা অন্ধ ছায়া
পৃথিবীর এখন নষ্ট সময়,

খুব একা একা সবদিন হাঁটে
ব্যস্ততার তীব্র ভিড়ে দৌড়ুচ্ছে শহর
দৌড়ুচ্ছে মলিন সভ্যতা।

## মধ্যপন্থী

### মুস্তফা হাবীব

জলের থাপ্পর খাবে বলে
নৌকোর ডালিতে বসতে চায়না
রৌদ্রের আঁচে ঝলসে যাবে বলে
তীব্র খরায় যায়না ফসলের মাঠে
সুবিধাবাদী এইসব মধ্যপন্থীদের মৌনতায়....

গণতন্ত্র আস্তাকুঁড়ে
স্বাধীনতা অরক্ষিত
ভালোবাসায় কৃত্রিম উচ্ছ্বাস।

এরা না বিপ্লবী, না প্রেমিক
সুবিধা পেতে শত্রু সঙ্গে সন্ধি করে
প্রিয়জনের বুকের ওপর দাঁড়াতেও দ্বিধাহীন ।

'ধরি মাছ না ছুঁই পানি'র নীতিতে
আহরণ করে যাচ্ছে পৃথিবীর জৌলুস।

## চাঁদনী

### শাহীন রেজা

চাঁদের জন্য ভুলে গেছো চাঁদনীকে

চাঁদ সেতো অনেক দূরের উপগ্রহ আর চাঁদনী তোমার
হাতের রিষ্টওয়াচ

দূরের আনন্দ দূরত্বেই ঝুলে থাকে-

এসো ঘ্রাণ নাও কাছের রোদ; কাঠালিচাঁপার

চাঁদনীতেই থেমে যাক দুপুর তোমার।

## আজকের সমাচার

### এইচ বি রিতা

কালো মেঘে ঢেকে গেছে আজকের আকাশ, অন্ধকার গুহা থেকে উড়ে আসে খবর, শিরোনামে বাণিজ্য-গিলে খায় সত্যের সন্ধানে বিশ্বাস নিরীহ কান্না অথবা বলতে পারো স্বার্থের প্রলোভন চেটে খায় কালি-কলম হয়ে উঠেছে বিষাক্ত তরবার; অরাজকতায় ভরা আজকের সমাচার।

কোথায় হারালো সেই স্বচ্ছতার রেখা, মিথ্যার মুখোশ উন্মোচনের লক্ষ্য, সত্যের কণ্ঠস্বরে লিখিত ইতিহাস, কোথায় গেল খাজনা আদায়ে ঢোল পিটানো বার্তা, শিলালিপির সংবাদ, ধাতু-পাথরে খোদাই করা জনসমাগম, পথে হাঁটা প্রাত্যহিক দিনলিপি; কোথায় হারালো পাথর স্তম্ভে তথ্যের লেখা খোদিত শব্দাবলি...!


আজকের অরাজকতায় হারিয়ে গেছে সেই স্রোত-
ঢেকে গেছে প্রান্তর সত্য ন্যায়ের পথে চলন্ত সংবাদ, সত্যের কান্নায় জাগে না অক্ষর-নির্ভীক কণ্ঠস্বর, ন্যায়ের মহাকাব্য কিংবা বলতে পারো; স্বার্থের বাণিজ্যে বাঁচে আজকের খবর।


LEADERS WE TRUST, TRUST QUEENS JUDGE
CASSANDRA A. JOHNSON
FOR QUEENS SURROGATE'S JUDGE
Early Voting June 15th-June 23rd
Attorney General Letitia 'Tish' James
Congress Members Greg Meeks, Grace Meng, Tom Suozzi
Queens Borough President Donovan Richards
Senators Mike Gianaris, John Liu, Jessica Ramos, Toby Ann Stavisky, Leroy Comrie, Joe Addabbo
Assembly Members Jeff Aubry, Vivian Cook, David Weprin, Alicia Hyndman, Jenifer Rajkumar, Catalina Cruz, Sam Berger, Nily Rozic, Andy Hevesi, Clyde Vanel, Ed Braunstein, Steven Raga, Khaleel Anderson
Council Members Speaker Adrienne Adams, Jim Gennaro, Lynn Schulman, Selvena Brooks-Powers, Nantasha Williams, Linda Lee
JUNE 25TH VOTE DEMOCRAT
JUDGE CASSANDRA A. JOHNSON
VOTE
cassandraforsurrogate
www.cassandraforsurrogate.com


পবিত্র ঈদ-উল আযহার শুভেচ্ছা
PureFarmers MARKET
ALWAYS PURE, ALWAYS HALAL
$29.99 EACH
UP-TO 1200 GM (EACH PACK)
HILSHA (SHAHJALAL)
2 FOR $16.99
660 G EACH PACK
QUAILS
$12.99 EACH
UP-TO 4 LB (EACH PACK)
SHRIMP 80/100
$15.99 EACH
4 LB (EACH PACK)
SHRIMP 30/40
4 FOR $5
TRAY
KESKI TRAY (CK)
$17.99 EACH
UP-TO 4 KG
ROHU (SHAHJALAL)
$27.99 EACH
UP-TO 4 KG (EACH)
MRIGAL (SHAHJALAL)
$14.99 EACH
UP-TO 800 GM (EACH)
HILSHA (SHAHJALAL)
$24.99 EACH
UP-TO 3/4 KG (EACH)
MRIGAL (SHOWDESH/SHAD)
$10.99 EACH
UP-TO 3 KG (EACH)
ROHU (CK/SHAD)
$12.99 EACH
UP-TO 800/1000 GM (EACH)
HILSHA (SHOWDESH/SHAD)
$16.99 EACH
10/12 (EACH PACK)
HILSHA (SHOWDESH/SHAD)
$26.99 EACH
12/15 (EACH PACK)
HILSHA (SHOWDESH/SHAD)
2 FOR $8.99
UP-TO 800 GM (EACH PACK)
LOITA (SHAHJALAL)
2 FOR $10.99
UP-TO 400 GM (EACH PACK)
PUTI (SHAHJALAL)
$9.99 EACH
3 PCS (1 PACK)
HILSHA (CK)
$2.99 LB
1 LB
GOLDEN POMPANO
$3.49 LB
UP-TO 1 KG
KORAL
$3.49 LB
UP-TO 1 KG
PANGASIUS
$12.99 EACH
8/12 SIZE
HILSHA (CK)
DESIGNED BY: US PRINTING - 646-750-5374
24 HOURS SERVICE EVERYDAY
HALAL حلال 100% CERTIFICIED
PureFarmers MARKET
ALWAYS PURE, ALWAYS HALAL
পবিত্র ঈদ-উল আযহার শুভেচ্ছা
EID UL ADHA
SUPER SALE!
WE ACCEPT:
EBT, OTC NETWORK, OTC S3, CREDIT & DEBIT CARDS
1242 LIBERTY AVE BROOKLYN NY 11208
718-535-1129


আপনার অভিবাসন
স্থিতি নির্বিশেষে
65 বছর ও উর্ধ্ববয়সী নিউ ইয়র্কবাসীরা এখন বিনামূল্যের স্বাস্থ্য বিমার উপযুক্ত বলে গণ্য হতে পারেন
ডাক্তার দেখানো
প্রেসক্রিপশন
মানসিক স্বাস্থ্য
হাসপাতালে ভর্তি হওয়া
আপনি যোগ্য কিনা তা বার করুন। আপনার ভাষায় নিরাপদ, বিনামূল্যের সহায়তা পেতে একজন স্বাস্থ্য বিভাগ নিবন্ধন কাউন্সেলরের সাথে কথা বলুন।
347-665-0214-তে কল করুন
আপনার কাছাকাছি একটি স্থান বার করুন
ভিজিট করুন nyc.gov/health/healthcoverage
NYC Health
Eric Adams
মেয়র
Ashwin Vasan, MD, PhD
কমিশনার


NYC পাবলিক স্কুলগুলো আপনার ভাষায় কথা বলে
NYC Public Schools
Eric Adams
Mayor
David C. Banks
Chancellor
NYC Public Schools speaks your language
বিনাখরচে নথিপত্রের অনুবাদ এবং আপনার শিক্ষার্থীর স্কুলের বিভিন্ন মিটিংয়ে দোভাষী অনুরোধ করুন।
Request free translation of documents and interpreters for meetings at your student's school.
আরো জানুন | Learn more
on.nyc.gov/Hello
/nycschools
311




# কোনো ক্রেডিট স্কোরই এক দিনে তৈরি হয়নি

আমাদের পেশাদার আর্থিক পরামর্শদাতাদের থেকে নিম্নলিখিত বিষয়ে **বিনামূল্যে, গোপনীয়ভাবে, ব্যক্তিগতকৃত** নির্দেশনা লাভ করুন:

আপনার ক্রেডিট রিপোর্ট এবং স্কোর পর্যালোচনা করতে।

আপনার ক্রেডিট রিপোর্টে থাকা যেকোনো ভুল সংশোধন করতে।

আপনার ক্রেডিট স্কোর বাড়াতে। এবং আরও অনেক কিছু!

আপনার বয়স ন্যূনতম 18 বছর হতে হবে এবং NYC-তে বসবাসকারী বা কাজ করতে হবে।

## আজই একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করুন!

**nyc.gov/TalkMoney | 311**

NYC
Eric L. Adams
Mayor

Consumer and Worker Protection
Vilda Vera Mayuga
Commissioner

Financial Empowerment Center

# ওহাইও ষ্টেটের নাইট ক্লাবে বন্দুক হামলা, নিহত দুই

**বাংলা পত্রিকা ডেস্ক:** ওহাইও অঙ্গরাজ্যের কলম্বাস শহরের এক নাইট ক্লাবে বন্দুক হামলার ঘটনা ঘটেছে। এই ঘটনায় দুইজন নিহত এবং আহত হয়েছেন আরও অন্তত দুইজন। তাদেরকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। ওহাইওর এক উচ্চপদস্থ পুলিশ কর্মকর্তা জানিয়েছেন, শুক্রবার রাত দুইটার দিকে শহরের এক নাইট ক্লাবে সহিংসতা শুরু হয়। একজন বন্দুকধারী গুলি চালিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলেই এক ব্যক্তির মৃত্যু হয়। গুরুতর অবস্থায় ৩ জনকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে চিকিৎসাধীন অবস্থায় এক জনের মৃত্যু হয়। পুলিশ জানায়, কেন এই হামলার ঘটনা ঘটলো, তা এখনও স্পষ্ট নয়। ব্যক্তিগত বিবাদের জেরে এই গুলির ঘটনা ঘটেছে বলে ধারনা করছে পুলিশ।

# কুইন্সে অগ্নিকান্ডে ১ জন নিহত, আহত ৩

**বাংলা পত্রিকা ডেস্ক:** কুইন্সে অগ্নিকান্ডের ঘটনায় ১ ব্যক্তি নিহত হয়েছেন। এছাড়া ৩ দমকলকর্মীও আহত হয়েছেন বলে জানা গেছে। এক বিবৃতিতে এনওয়াইডিপি জানায়, শনিবার রাত সাড়ে ১২ টার দিকে দক্ষিণ ওজোন পার্কের একটি অ্যাপার্টমেন্টে এই অগ্নিকান্ডের ঘটনা ঘটে। এতে ৫৭ বছর বয়সী এক ব্যক্তি নিহত হয়। এছাড়া ওই ব্যক্তির একটি পোষা কুকুরও অগ্নিকান্ডে নিহত হয়। এফডিএনওয়াই জানায়, আগুন নেভাতে গিয়ে ৩ দমকলকর্মী গুরুতর আহত হয়। তাদের দ্রুত জ্যামাইকা হাসপাতালে মেডিকেল সেন্টারে নিয়ে যাওয়া হয়। দমকলকর্মীরা জানায়, দেড় ঘন্টা পর আগুন নিয়ন্ত্রণে আনতে গক্ষম হন তারা। আগুন লাগার আসল কারন এখনো জানতে পারেনি পুলিশ।

# ৬ জানুয়ারী দাঙ্গার পর প্রথমবার ক্যাপিটল হিলে এলেন ট্রাম্প

**বাংলা পত্রিকা ডেস্ক:** তিন বছর আগের দাঙ্গার পর প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রের কংগ্রেস ভবন ক্যাপিটল হিলে ফিরলেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। রিপাবলিক নেতাদের সঙ্গে সাক্ষাৎ করতে সেখানে এসেছেন তিনি। আসছে নভেম্বরে প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকানদের সম্ভাব্য মনোনীত এই প্রার্থী ক্যাপিটল হিলে এসে ঐক্যের বার্তা দিয়েছেন। তিনি দলে দীর্ঘস্থায়ী কোনো বিভেদ না রেখে কাজ করার প্রতিশ্রুতি দিয়েছেন।ক্যাপিটল হিলে রিপাবলিক নেতাদের সঙ্গে দেখা করার পরে যুক্তরাষ্ট্রের সাবেক এই প্রেসিডেন্ট একটি সংগঠনের ২০০ করপোরেট নেতার সঙ্গে সাক্ষাৎ করেন। এক বিবৃতিতে সাবেক ডেমোক্রেটিক হাউস স্পিকার ন্যান্সি পেলোসি ট্রাম্পকে উদ্দেশ করে বলেছেন, 'বিদ্রোহের উসকানিদাতা...অপরাধ সংঘটনস্থলে ফিরে আসছেন।' নিউইয়র্কের একটি আদালতে ব্যবসায়িক নথিপত্রে তথ্য গোপনের অভিযোগে করা মামলায় দোষী সাব্যস্ত হন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এরপর তিনি এই সফর করলেন। বৃহস্পতিবার সকালে ক্যাপিটল হিল ভবনের কাছে রিপাবলিকান দলের কার্যালয়ে ট্রাম্প পৌঁছান। সেখানে বিক্ষোভকারীরা বিক্ষোভ করেন। তাঁরা 'ব্যর্থ অভ্যুত্থান', 'গণতন্ত্র সব সময়, ট্রাম্প কখনোই নয়' স্লোগান দিতে দিতে বিক্ষোভ করেন। বৃহস্পতিবার বিকেলে এক সংবাদ সম্মেলনে ট্রাম্প বলেন, দলে বড় ধরনের ঐক্য রয়েছে। তাঁর সঙ্গে মতের মিল না হলেও অনুসারী রিপাবলিকানদের পাশে থাকার প্রত্যয় জানান ট্রাম্প। ট্রাম্প এ সময় কোনো প্রশ্নের উত্তর দেননি। তিনি সমর্থকদের উদ্দেশে হাত নাড়েন। সমর্থকেরা এ সময় চিৎকার করে ট্রাম্পকে তাঁদের ভালোবাসা জানান। ট্রাম্পও তাঁদের ধন্যবাদ জানান। এর আগের দিন ট্রাম্প ও হাউস রিপাবলিকানদের মধ্যে বৈঠক হয়েছে। হাউস স্পিকার মাইক জনসন বলেছেন, সাবেক এই প্রেসিডেন্ট সেদিন প্রচুর শক্তি ও উৎসাহ নিয়ে এসেছেন। ক্যাপিটল হিলে ২০২১ সালের ৬ জানুয়ারি হামলা চালায় দেশটির সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উগ্র সমর্থকেরা। ফেসবুক-টুইটারের মতো সামাজিক যোগাযোগমাধ্যমে ট্রাম্পের উসকানিমূলক পোস্ট থেকে ছড়িয়ে পড়ে সেই সহিংসতা।

# সিইও হিসেবে সর্বোচ্চ বেতন-ভাতা পাবেন ইলন মাস্ক

**বাংলা পত্রিকা ডেস্ক:** টেসলার শেয়ারহোল্ডাররা ভোটের মাধ্যমে প্রধান নির্বাহী কর্মকর্তা ইলন মাস্কের ৫৬ বিলিয়ন ডলারের বেতন-ভাতা প্যাকেজের অনুমোদন দিয়েছে। একইসঙ্গে টেসলার আইনী সদর দফতর টেক্সাসে স্থানান্তরের প্রস্তাবও অনুমোদন করেছে। ডেলাওয়ারের বিচারক ক্যাথলিন ম্যাককরমিক এই প্যাকেজ মেয়ারহোল্ডারদের জন্যে অন্যার্য বলে অভিহিত করে আটকে দেন। বৃহস্পতিবার টেক্সাসে অংশীদারদের বার্ষিক বৈঠকে মাস্ক নিজেকে 'সব পরিস্থিতিতে ইতিবাচক' মানুষ হিসেবে অভিহিত করেন। বিশ্লেষকদের মতে, এই উদ্যোগ মাস্কের নেতৃত্বের প্রতি প্রতিষ্ঠানটির শেয়ারহোল্ডারদের আস্থার প্রমাণ। যুক্তরাষ্ট্রের কর্পোরেট ইতিহাসে এটাই একজন ব্যক্তির সর্বোচ্চ বেতন-ভাতা পাওয়ার ঘটনা। ২০১৮ সালে প্রথম এই প্যাকেজের জন্য ভোট দেন শেয়ারগোল্ডাররা । বোর্ড জানিয়েছে, মাস্ক এই বেতন-ভাতা প্যাকেজ পাওয়ার যোগ্যতা অর্জন করেছেন, কারণ বাজারে টেসলার অবস্থান, রাজস্ব ও মুনাফা অর্জনের সকল উচ্চাভিলাষী লক্ষ্যমাত্রা তিনি বছরের পর বছর অর্জন করেছেন।

# আল-আকসা প্রাঙ্গণে

(শেষের পাতার পর)

কঠোর নিষেধাজ্ঞা সত্ত্বেও আল-আকসা মসজিদে ঈদ জামাতে শামিল হয়েছেন শত শত ফিলিস্তিনি। স্থানীয় সময় ভোরে অধিকৃত পূর্ব জেরুজালেমের আল-আকসা প্রাঙ্গণে ফিলিস্তিনিরা জড়ো হতে থাকেন। এ সময় ইসরায়েলি বাহিনীর হাতে অনেক ফিলিস্তিনি লাঞ্ছিত হওয়ার খবরও পাওয়া গেছে। আল-আকসা প্রাঙ্গণে ফিলিস্তিনিদের অনেকেই পরিবার, কেউ শিশুদের নিয়ে আসেন। গত অক্টোবর থেকে ইসরায়েলী সেনাবাহিনীর অব্যাহত হামলায় এ পর্যন্ত ৩৭ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন। যাদের বড় একটি অংশ নারী ও শিশু।

# টেক্সাসের একটি কনসার্টে বন্দুক হামলায়

(শেষের পাতার পর)

শনিবার (১৫ জুন) গভীর রাতে রাউন্ড রকের ওল্ড সেটেলার্স পার্কে দাসপ্রথার অবসান উপলক্ষে বার্ষিক উৎসব উদযাপনের সময় এ হামলার ঘটনা ঘটে। রাউন্ড রকের পুলিশ জানিয়েছে, ঘটনাস্থলেই দুজনকে মৃত অবস্থায় পাওয়া যায়। তাছাড়া ১৪ জনকে গুলিবিদ্ধ অবস্থায় স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। পুলিশ আরও জানায়, সন্দেহভাজন হামলাকারীকে গ্রেপ্তারে অনুসন্ধান চলছে। প্রত্যক্ষদর্শীরা তাকে একজন ছিপছিপে গড়নের কালো মানুষ হিসেবে বর্ণনা করেছে। সন্দেহভাজন ওই হামলাকারীকে ধরিয়ে দেওয়ার জন্য বা তার খোঁজ দেওয়ার জন্য ৫ হাজার ডলার পুরস্কারও ঘোষণা করেছে রাউন্ড রক পুলিশ।

# নিউইয়র্কে রাস্তায় গৃহহীনদের সংখ্যা

(শেষের পাতার পর)

বলেন, নতুন অভিবাসী আগমন এবং অভিবাসীদের আশ্রয়কেন্দ্রে থাকার যে সময়সীমার বেঁধে দেওয়ার কারনে গৃহহীনতার সংখ্যা বাড়ছে। সেইফটি নেট প্রজেক্টের অ্যাডভোকেট ক্যাথলিন ক্যাশ বলেন, পরিসংখ্যানে যে সংখ্যা উল্লেখ করা হয়েছে তার থেকে বেশি মানুষ গৃহহীন অবস্থায় আছে। পরিসংখ্যানে ফাস্ট ফুড রেস্তোরা, ব্যাঙ্ক ভেস্টিবুল এবং ইমার্জেন্সি রুমে আশ্রয় নেওয়া গৃহহীনদের গণণা করা হয়নি। সরকারি তথ্য অনুসারে বর্তমানে ৮৬ হাজার মানুষ সিটির গৃহহীন পরিষেবার আওতায় আছে।

# স্ন্যাপ কার্ড স্ক্যামিংয়ের শিকার হাজার হাজার

(শেষের পাতার পর)

জানাায়, আগস্ট থেকে এখন পর্যন্ত স্ন্যাপ কার্ড প্রতারনার ৮০ হাজারের বেশি রিপোর্ট পেয়েছেন তারা। কর্মকর্তারা জানান, স্ক্যামাররা কার্ড রিডিং মেশিনে স্কেমিং ডিভাইস লাগিয়ে রাখে। ব্যবহারকারীরা যখন তাদের কার্ড সোইপ করে তখন সয়ংক্রিয়ভাবে তাদের অ্যাকাউন্ট থেকে স্ক্যামারদের অ্যাকাউন্টে ডলার ট্রান্সফার হয়ে যায়। ব্রকুলিন সিনেটর রোক্সান পারসাইড বলেন, কার্ডগুলোতে ম্যাগনেটিক স্ট্রিপের পরিবর্তে চিপ প্রযুক্তি ব্যবহার করলে এই স্ক্যাম থেকে রক্ষা পাওয়া যাবে। চিপ প্রযুক্তি দিয়ে নতুন কার্ড ইস্যু করতে সিনেটে আলোচনা করেছেন বলেও জানান তিনি। কার্ড ব্যবহারকারীদের নিয়মিত কার্ডের পিন পরিবর্তন এবং কার্ডের তথ্য কারো সাথে শেয়ার না করার অনুরোধ জানিয়েছেন সিটি কর্মকর্তারা।

# সানিসাইডের স্কুল বাস থেকে বিপুল পরিমানে অবৈধ গাঁজা

(শেষের পাতার পর)

গাজা বিক্রিসহ অবৈধ ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করে আসছিলো। গোপন তদন্তের ভিত্তিতে বাসটি আটক করা হয়। মেলিন্ডা কাটজ বলেন, স্কিটলস, গামি শার্কস, জলি র‍্যাঞ্চার, স্টনি প্যাচ কিডসসহ বিভিন্ন ধরনের গাজা পন্য শিশুদের কাছে বিক্রি করত। ১২ জুন বাসটিতে তল্লাশি চালিয়ে ২ পাউন্ডের বেশি গাজা পন্য উদ্ধার করা হয়। ব্যবসায়ের মালিক ৬২ বছরের ব্রুকলিনের বাসিন্দা অ্যান্টনি স্টিভেনসের বিরুদ্ধে বেআইনি বিক্রয়, অবৈধ গাজা দখলসহ একাধিক অভিযোগ আনা হয়েছে বলে জানা গেছে। ডিএ অফিসের তথ্য অনুসারে পুরো ৭ মে থেকে ৩ জুন পর্যন্ত ৩০০ টিরও বেশি অবৈধ গাজার দোকান বন্ধ করা হয়েছে।

**পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দারুস সালাম মসজিদে ঈদের চারটি জামাত অনুষ্ঠিত হয়। ১ম জামাতে ইমামতি করেন মাওলানা আবদুল মুকিত। ২য় জামাতে ইমামতি করেন হাফেজ আশরাফ আহমেদ । ৩য় জামাতে ইমামতি করেন মাওলানা মোহাম্মদ আলী। ৪র্থ জামাতে ইমামতি করেন হাফেজ মাওলানা মুইনুল ইসলাম।**











# অভিবাসন প্রত্যাশীদের জন্য সীমান্ত বন্ধ

(প্রথম পাতার পর)



অর্ডারে সই করে হোয়াইট হাউসে বাইডেন বলেছেন, যুক্তরাষ্ট্রের সীমান্ত সুরক্ষিত করতে তিনি আজ যে সিদ্ধান্ত নিয়েছেন, রিপাবলিকানরা আজ অবধি তা নিয়ে উঠতে পারেননি। তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্রকে সুরক্ষিত রাখা তাদের কর্তব্য।'


উল্লেখ্য যুক্তরাষ্ট্রের সাথে মেক্সিকোর এক হাজার ৯০০ মাইলের সীমান্ত। বাইডেনের আমলে এই সীমান্ত দিয়ে রেকর্ড সংখ্যায় অনুপ্রবেশ ঘটেছে। গত ডিসেম্বরে দৈনিক অনুপ্রবেশের সংখ্যা ছিল দশ হাজার। গত কয়েক মাসে সেই সংখ্যা কমলেও অনুপ্রবেশ বন্ধ হয়নি। সম্প্রতি জনমত সমীক্ষায় দেখা গেছে, নির্বাচনে এই অবৈধ অনুপ্রবেশ বাইডেনের বিপক্ষে জনমত তৈরি করছে। তারপরেই এই কঠোর সিদ্ধান্ত নেয়া হলো বলে রাজনৈতিক মহল মনে করছে।


**২ বছরে নিউইয়র্কে ২ লাখের বেশি অভিবাসীর অনুপ্রবেশ : সিটি কর্তৃপক্ষ**

এদিকে নিউইয়র্কে গত ২ বছরে প্রায় ২ লাখের বেশি অভিবাসীর অনুপ্রবেশ ঘটেছে। যার মধ্যে প্রায় ৬৫ হাজার অভিবাসী সিটির দায়িত্বে রয়েছে। গত ৪ জুন মঙ্গলবার এক বৃবতিতে মেয়র এরিক অ্যাডামস বলেন, গত ২ বছরে যুক্তরাষ্ট্রের অন্য রাজ্যগুলোর চেয়ে নিউইয়র্কে অভিবাসীদের ঢল সবচেয়ে বেশি নেমে আসে। প্রেসিডেন্ট জো বাইডেনের আমেরিকা ও মেক্সিকোর দক্ষিণ সীমান্ত অভিবাসীদের প্রবেশ সীমিত করার নির্বাহী পদক্ষেপের পর এমন বক্তব্য দেন তিনি। মেয়র অফিসের তথ্য অনুসারে এই সপ্তাহে নিউইয়র্কে ১২০০ অভিবাসী এসেছে। সিটি কর্মকর্তারা জানান, ফেডারেল সরকারের কাছে অভিবাসীদের সংকট মোকাবেলায় জাতীয় সমাধানের আহ্বান করা হয়েছে। অপরদিকে যুক্তরাষ্ট্রের কাছে নিরাপত্তা চাওয়া মানুষদের বাধা দেওয়ায় প্রেসিডেন্ট জো বাইডেনের এই নির্বাহী আদেশকে নিষ্ঠুর এবং বেপরোয়া বলে অভিহিত করেছেন অভিবাসী আইনজীবীরা।


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
CALL NOW
718-406-9745
718-200-2655
* Minimum $10000 cash purchase required
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[ 100% Scholarship for Training & Job Placement, Condition applied ]
Saturday & Sunday 9:00 AM To 2:00 PM Starting from NOV 02 2019
Saturday & Sunday 2:30 PM To 7:30 PM Starting from NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM Selenium Starting from October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM Selenium Starting from October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM Selenium Starting from November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM Selenium Starting from November 26, 2019
www.piit.us

# Immigrant Elder Home Care LLC

# হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



**Call Today:**

**Dr. Md. Mohaimen**
**718-457-0813**
Fax: 631-282-8386
718-457-0814

**Giash Ahmed**
Chairman/CEO
**917-744-7308**

**Nusrat Ahmed**
President
**718-406-5549**

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

**Corporate Office**
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813

**Jamaica Office**
87-54 168th Street, 2nd Fl
Jamaica, NY 11432
718-406-5549

**Long Island Office**
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549

**Bronx Office**
2148 Starling Ave.
Bronx, NY 10462
718-406-5549

**Ozone Park Office**
175 B Forbell Street
Brooklyn, NY 11208
718-406-5549

**Buffalo Office**
859 Fillmore Ave
Buffalo, NY 14212
718-406-5549

# পাঁচটি জিনিসের জ্ঞান আল্লাহর কাছে

(শেষের পাতার পর)

জানা্ নেই তার মৃত্যু হবে কোন যমীনে। আল্লাহই সকল জ্ঞানের অধিকারী এবং তিনি সবকিছু জানেন।” (সুরা লোকমান:৩৪)

এই আয়াতটি মূলত: মক্কার কাফেরদের একটি প্রশ্নের জবাব। কিয়ামতের কথা ও আখিরাতের প্রতিশ্রুতি শুনে মক্কার কাফেররা রাসুলুল্লাহ সা: কে বারবার এ প্রশ্নটি করতো। প্রশ্নটি ছিল, কবে সে সময়টি আসবে। কুরআন মাজীদে কোথাও তাদের এ প্রশ্নটি উদ্ধৃত করে জবাব দেয়া হয়েছে আবার কোথাও উদ্ধৃত না করেই জবাব দেয়া হয়েছে। কারণ শ্রোতাদের মনে এ প্রশ্ন জাগরূক ছিল। এ আয়াতটিতেও প্রশ্নের উল্লেখ ছাড়াই জবাব দেয়া হয়েছে। পাঁচটিজিনিস হলো: (এক) কিয়ামত কখন সংঘটিত হবে, (দুই)বৃষ্টি, (তিন) মাতৃগর্ভে কি লালিত হচ্ছে, (চার)আগামী কাল কি উপার্জন করবে, (পাঁচ) কোন যমীনে তার মৃত্যু কবে।

কিয়ামত:“একমাত্র আল্লাহই সে সময়ের জ্ঞান রাখেন” এ বাক্যটিই মূল প্রশ্নের জবাব। পরের চারটি বাক্য এ জবাবের স্বপক্ষে যুক্তি হিসাবে পেশ করা হয়েছে। যুক্তির সংক্ষিপ্ত সার হচ্ছে, যেসব বিষয়ের প্রতি মানুষ নিকটতম আকর্ষণ অনুভব করে সেগুলো সম্পর্কেও তার কোন জ্ঞান নেই। তাহলে সারা দুনিয়ার শেষ ক্ষণটি কবে ও কখন আসবে, এ কথা জানা তার পক্ষে কেমন করে সম্ভব। বুখারী, মুসলিম ও অন্যান্য হাদীস গ্রন্থের একটি বহুল পরিচিত হাদীসও এর সমর্থন কওে, যাতে বলা হযেছে: সাহাবীগণের সমাবেশে জিবরীল মানুষের বেশে এসে নবীকে যে প্রশ্ন করেছিলেন তার একটি এও ছিল যে, কিয়ামত কবে হবে। নবী সা: জবাব দিয়েছিলেন, “যাকে জিজ্ঞাসা করা হচ্ছে সে জিজ্ঞাসাকারীর চেয়ে এ ব্যাপারে বেশী জানে না।”

বৃষ্টি: মানুষের সচ্ছলতা ও অসচ্ছলতা বিরাটভাবে নির্ভর করে বৃষ্টির ওপর। কিন্তু আল্লাহর হাতে রয়েছে এর পুরো যোগসূত্র। যেখানে যখন যখন যতটুকু চান বর্ষন করান এবং যখনি চান থামিয়ে দেন। কেউ একটুও জানেনা কোথায় কখন কতটুকু বৃষ্টি হবে এবং কোন ভূখ- তা থেকে বঞ্চিত হবে অথবা কোন ভূখে- বৃষ্টি উল্টো ক্ষতিকর প্রমাণিত হবে।

মাতৃগর্ভে কি লালিত হচ্ছে: মানুষের বীর্যে তাদের স্ত্রীদের গর্ভসঞ্চার হয় এবং এর সাথে তাদের বংশধারার ভবিষ্যত জড়িত। কিন্তু মানুষ জানে না এ গর্ভে কি লালিত হচ্ছে এবং কোন ভবিষ্যত আকৃতিতে ও কোন ধরণের কল্যাণ-অকল্যাণ নিয়ে তা বের হয়ে আসবে। আয়াতে ছেলে হবে না কি মেয়ে হবে যা বর্তমান আধুনিক বিজ্ঞান চিহ্নিত করতে পারে, সে কথা বলা হয়নি বরং বলা হয়েছে সে কি ভাগ্য নিয়ে জন্মিবে।

“কোন প্রাণসত্তা জানে না আগামীকাল সে কি উপার্জন করবে” অর্থাৎ মানুষ জানে না আগামী কাল কি হবে। একটি আকস্মিক দুর্ঘটনা তাদের ভাগ্য বদলে দিতে পারে। অথচ ১ মিনিট আগেও মানুষ তার খবর পায় না। সে তার কর্মস্থলে পৌঁছাতে পারবে কি না সে জানে না।

মৃত্যু কোথায় কোন যমীনে হবে তা কেউ জানে না। কোথায় কি অবস্থায় জীবনের পরিসমাপ্তি ঘটবে তার খবর মানুষ জানে না। যিনি নিজের বাড়িতেই বসবাস করেন, তিনি সাধানণত বাড়ির বাহিরে কোথাও যাতায়াত করেন না তিনি হয়তো ভাবতে পারেন যে, আমার মৃত্যু আমার বাড়িতেই হবে। কিন্তু আমরা আমাদের জীবনে অনেক ব্যতিক্রম মৃত্যু দেখেছি। নিজ বাড়িতে, নিজ দেশে মৃত্যু বরণ করতে পারেনি। বিদেশে মৃত্যু হয়েছে, লাশটি দেশে আনা সম্ভব হয়নি। এমন জায়গায় মৃত্যু হয়েছে লাশটিই খুঁজে পাওয়া যায়নি। আরো কত মৃত্যু আমরা হরহামেশা দেখছি। কোন কোন মৃত্যুকে আমরা কষ্ট পাই, মর্মান্তিক হিসাবে মন্তব্য করি। কিন্তু এটিই আল্লাহর ফয়সালা। কেউ জানে না কোথায় কখন তার মৃত্যু আসবে।

এ সমস্ত তথ্যজ্ঞান আল্লাহ নিজেরই কাছে রেখেছেন এবং এর কোন একটিরও জ্ঞানও মানুষকে দেননি। এর মধ্যে প্রত্যেকটি জিনিসই এমন যে সম্পর্কে মানুষ পূর্বাহ্নেই কিছু জানতে চায় যাতে এ জ্ঞানের সাহায্যে তারা আগেভাগেই কিছু পদক্ষেপ নিতে পারে। কিন্তু সেসব ব্যাপারে আল্লাহর নিজস্ব ব্যবস্থাপনা এবং তার ফায়সালার ওপর ভরসা করে। এভাবে দুনিয়ার শেষ ক্ষণটির ব্যাপারেও আল্লাহর ফায়সালার প্রতি আস্থা স্থাপন করা ছাড়া আর কোন উপায় নেই। এর জ্ঞানও কাউকে দেয়া হয়নি এবং দেয়া যেতে পারে না।

এখানে আর একটি কথাও ভালোভাবে বুঝে নেয়া দরকার। সেটি হচ্ছে, যেসব বিষয় আল্লাহ ছাড়া কেউ জানে না তেমনি ধরনের গায়েব বা অদৃশ্য বিষয়াবলীর কোন তালিকা এখানে দেয়া হয়নি। এখানে কেবলমাত্র মানুষের হাতের কাছের কিছু জিনিস উদাহরণ স্বরূপ পেশ করা হয়েছে। যেগুলোর প্রতি মানুষের গভীরতম ও নিকটতম আকর্ষণ ও আগ্রহ রয়েছে সেগুলো সম্পর্কে তারা কিছুই জানে না। এ থেকে এ সিদ্ধান্ত টানা ঠিক হবে না যে, মা এ পাঁচটি বিষয়ই গায়েবের অন্তরভুক্ত, যে সম্পর্কে আল্লাহ ছাড়া আর কেউ জানে না। অথচ গায়েব এমন জিনিসকে বলা হয় যা সৃষ্টির অগোচওে এবং একমাত্র আল্লাহর দুষ্টি সমক্ষে থাকে। প্রকৃতপক্ষে এ গায়েবের কোন সীমা পরিসীমা নেই। যেমন আল্লাহ তা'আলা বলেন,“ তাদেরকে বলো, আল্লাহ ছাড়া পৃথিবীতে ও আকাশে কেউ অদৃশ্যের জ্ঞান রাখে না এবং তারা জানে না কবে তাদেরকে উঠিয়ে নেয়া হবে।”(সুরা নামল:৬৫)

গায়েব জানেন কেবলমাত্র আল্লাহ তা'আলা। তিনিই একমাত্র আলিমুল গায়েব। এখানেও আল্লাহ একক সার্বভৌম ক্ষমতার মালিক। জ্ঞানের দিক দিয়ে জানানো হচ্ছে যে, এ ব্যাপরেও মহান আল্লাহ হচ্ছেন লা-শারীক। পৃথিবী ও আকাশে ফেরেশতা, জ্বিন, নবী, আউলিয়া অথবা মানুষ অ-মানুষ যে কোন সৃষ্টি হোক না কেন সবারই জ্ঞান সীমাবদ্ধ। সব কিছুর জ্ঞান যদি কারো থাকে তাহলে তিনি হচ্ছেন একমাত্র আল্লাাহ তা'আলা এ বিশ্ব-জাহানের কোন জিনিস এবং কোন কথা তাঁর কাছে গোপন নেই। তিনি অতীত, বর্তমান, ভবিষ্যত সব কিছু জানেন।

গায়েব মানে প্রচ্ছন্ন লুকানো অদৃশ্য বা আবৃত। পারিভার্ষিক অর্থে গায়েব হচ্ছে এমন জিনিস যা অজানা এবং যাকে জানার উপায় উপকরণগুলো দ্বারা আয়ত্ব করা যায় না। আল্লাহ ছাড়া আঁর কেউ অদৃশ্য জ্ঞানের অধিকারী নয়। এটি ইসলামের মৌলিক বিশ্বাস। আল্লাহ তাঁর বান্দাদের মধ্য থেকে যাকে চান যতটুকু চান জ্ঞান দান করেন। কোন অদৃশ্য বা কতগুলো অদৃশ্য জিনিসকে তার সামনে উন্মুক্ত করে দেন। কিন্তু অদৃশ্য জ্ঞান সামগ্রীকভাবে কেউ লাভ করতে পারে না এবং “আলেমুল গায়েব” অদৃশ্য জ্ঞানী উপাধি একমাত্র আল্লাহ রাব্বুল আলামীনের সাথে সংশ্লিষ্ট। আল্লাহ তা'আলা বলেন,“ আর তাঁর কাছেই আছে অদৃশ্যের চাবিগুলো, সেগুলো তিনি ছাড়া কেউ জানে না।”(সুরা আন'আম:৫৯) আল্লাহ তা'আলা আরো বলেন,“তিনি জানেন যা কিছু সৃষ্টির সামনে আছে এবং যা কিছু আছে তাদেও অগোচরে। আর তাঁর জ্ঞানের কিছুমাত্র অংশও তারা আয়ত্ব করতে পারে না, তবে তিনি যে জিনিসটির জ্ঞান তাদেরকে দিতে চান, দেন।”(সুরা বাকারা:২৫৫)

কোন সৃষ্টির অদৃশ্য জ্ঞানের অধিকারী হতে পারে এ ধারণা কুরআন সর্বতোভাবে নাকচ করে দেয়। এমনকি বিশেষভাবে আম্বিয়া আলাইহিমুস সালাম এবং স্বয়ং মুহাম্মাদ সা: এর ব্যাপারেও এ বিষয়টি পরিস্কারভাবে জানিয়ে দেয় যে, তিনি অদৃশ্য জ্ঞানের অধিকারী নন এবং তাঁকে অদৃশ্যের কেবলমাত্র ততটুকু জ্ঞান আল্লাহর পক্ষ থেকে দেয়া হয়েছে যতটুকু রিসালাতের দায়িত্ব পালন করার জন্য প্রয়োজন ছিল। সুরা আন'আম: ৫০, সুরা আ'রাফ:১৮৭, সুরা তাওবা:১০১, সুরা হুদ: ৩১, সুরা আহ-যাব: ৬৩, সুরা আহকাফ:৯, সুরা তাহরীম: ৩ এবং সুরা জিন:২৬ আয়াতগুলো এ ব্যাপরে কোন প্রকার অনিশ্চয়তা ও সংশয়ের অবকাশই রাখেনি। কুরআনের এ সমস্ত সুস্পষ্ট বক্তব্য সমর্থন ও ব্যাখ্যা করে এর পর এ ব্যাপারে আর কোন সন্দেহের অবকাশ থাকে না যে, আল্লাহ ছাড়া অন্য কাউকে অদৃশ্যের জ্ঞানের অধিকারী মনে করা এবং যা কিছু আছে ও যা কিছু হবে এর জ্ঞান আল্লাহ ছাড়া আর কারো আছে। এ কথা মনে করা পুরোপুরি একটি অনৈসলামী বিশ্বাস।

বুখারী, মুসলিম তিরমিযি, নাসাঈ, ইমাম আহমাদ, ইবনে জারীর ও ইবনে আবী হাতিম নিভুল বর্ণনায় পরস্পরায় আয়েশা রা: থেকে উদ্ধৃত করেছেন, হাদীদের অংশ বিশেষ হচ্ছে: “যে ব্যক্তি এ কথা বলে যে, রাসুলুল্লাহ সা:ওয়াহী ব্যতিত আগামী কাল কি হবে তা অবহিত করতে পারেন, সে আল্লাহর উপর মহা মিথ্যা আরোপ করে। কারণ আল্লাহ তা'আলা বলেন,হে নী! তুমি বলে দাও আল্লাহ ছাড়া আকাশ ও পৃথিবীর অধিবাসীদের মধ্যে আর কেউ অদৃশ্যের জ্ঞান রাখে না।”(সুরা নামল:৬৫) (মুসলিম: ৩২৮, আন্তর্জাতিক নং ১৭৭, বর্ণনা কারী মাসরূক রহ:, হাদীসের মান সহীহ, কিতাবুল ঈমান, বাবুল মা'নি কাউলি'আল্লাহ........, ইফা: ৩৩৬, ই.সে.৩৪৭)

সকল অদৃশ্যের জ্ঞান আল্লাহর কাছে। বিশ্ব-জাহানের সমগ্র সত্য ও রহস্য কারো দৃষ্টি সীমার মধ্যে নেই। বিশ্ব-জাহানের ব্যবস্থাপনার জ্ঞান তো দুরের কথা মানুষ তার নিজের ব্যক্তিগত ভালোমন্দ বুঝারও ক্ষমতা রাখে না। বিশ্ব-জাহানের প্রভু ও পরিচালক মহান আল্লাহই এই ভালোমন্দের পুরাপুরি জ্ঞান রাখেন। মানুষ, জীন ও ফেরেশতা বা অন্য কো সৃষ্টিই হোক না কেন সবার জ্ঞান অপূর্ণ ও সীমিত। আল্লাহ তা'আলা বলেন,“ তিনি নিজে যে জিনিসের জ্ঞান মানুষকে দিতে চান সেটুকু ছাড়া তাঁর জ্ঞানের কিছুই আয়ত্ব করতে পারে না।” (সুরা বাক-ারা:২৫৫)

# ফ্রিজে মাংস সংরক্ষণ)

(শেষের পাতার পর)

সবকিছু গুছিয়ে করতে পারলে মাংস নষ্ট কিংবা এর থেকে দুর্গন্ধ হওয়ার শঙ্কা থেকে সহজেই মুক্তি পাওয়া সম্ভব। তাই ফ্রিজে মাংস সংরক্ষণের জন্য কিছু বিষয়ে খেয়াল রাখতে হবে।

# মাংস বণ্টনের পরই বেঁচে যাওয়া মাংস ফ্রিজে তোলার ব্যবস্থা করুন। তবে কোরবানির মাংস গরম থাকে। তাই বেশি তাড়াহুড়াও করা যাবে না।

# ফ্রিজে তোলার আগে মাংসের গায়ে লেগে থাকা অতিরিক্ত রক্ত কিচেন টাওয়েল বা পরিষ্কার কাপড় দিয়ে মুছে নিন।

# ফ্রিজে সংরক্ষণের আগে মাংস কোনোভাবেই পানিতে ভেজানো বা ধোয়া যাবে না।

# ডিপফ্রিজে নিম্ন তাপমাত্রায় মাংস সংরক্ষণ করতে হবে।

# ফ্রিজে সংরক্ষিত মাংসের প্যাকেট এমনভাবে করতে হবে যেন একদিনেই রান্না করা যায়। তাই পরিবারের সদস্য অনুযায়ী মাংসের প্যাকেটের আকার ঠিক করুন।

# ফ্রিজের তাকে একটা প্যাকেট রেখে এর ওপর খবরের কাগজ বিছিয়ে নিন। এরপর আরেকটি প্যাকেট রাখুন। প্রতিটি প্যাকেট স্তরে স্তরে সাজিয়ে রাখুন।

# ফ্রিজে মাংস রাখার ক্ষেত্রে যেগুলো আগে রান্না হবে সেগুলো ওপরের দিকে আর পরের রান্নার জন্য নিচের দিকে রাখুন। মগজ, কিমা, কলিজা, ছোট মাংস ফ্রিজের ওপরের দিকে রাখতে পারেন। বড় হাড়ওয়ালা মাংসের প্যাকেট নিচের দিকে রাখুন।

# কী হয়েছিল সুনেত্রা'র

(শেষের পাতার পর)

মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৩ বছর। সম্প্রতি ফেসবুক এক পোস্টের মাধ্যমে তার মৃত্যুর খবরটি নিশ্চিত করেছেন দেশের আলোচিত অভিনেতা জায়েদ খান।

জায়েদ খান লেখেন, ‘একসময়ের জনপ্রিয় নায়িকা, শৈশবের আমার পছন্দের একজন নায়িকা, চোখের প্রেমে পড়ত যে কেউ, তিনি সুনেত্রা। অনেক দিন আগেই বাংলাদেশ ছেড়ে কলকাতায় গেছেন। তিনি আরও লেখেন,আমি চলচ্চিত্র শিল্পী সমিতির সাধারণ সম্পাদক থাকাকালীন কয়েকবার ফোনে কথা বলেছিলাম। আজকে হঠাৎ শুনলাম তিনি আর নেই, মারা গেছেন। নীরবে নিভৃতে চলে গেলেন। এভাবেই হারিয়ে যায় মানুষ, চলে যায়। আপনি ভালো থাকবেন ওপারে। অনেক চলচ্চিত্র দেখব আর আপনাকে মিস করব।’ জানা গেছে, দীর্ঘদিন কিডনি রোগে আক্রান্ত ছিলেন সুনেত্রা।

পরিচালক মমতাজ আলী ঢাকাই সিনেমায় নিয়ে আসেন সুনেত্রাকে। ১৯৮৫ সালে মুক্তি পাওয়া ‘উসিলা’ সিনেমাতে প্রথম দেখা যায় তাকে। ১৯৯০ সালে দেলোয়ার জাহান ঝন্টুর ‘পালকি’ ছবির মাধ্যমেই মূলত প্রথম জনপ্রিয়তা এবং দর্শকমহলে পরিচিতি পান সুনেত্রা। এ ছাড়া সমকালীন জনপ্রিয় অভিনেতা জসীম, সোহেল রানা, ফারুক, জাফর ইকবাল, ইলিয়াস কাঞ্চন ও মান্নাসহ অনেকের সঙ্গেই পর্দা ভাগ করেছেন গুণী এ অভিনেত্রী।

সুনেত্রা অভিনীত সিনেমাগুলোর মধ্যে উল্লেখযোগ্য বোনের মতো বোন, যোগাযোগ, ভুল বিচার, সাজানো বাগান, রাজা মিস্ত্রী, ঘর ভাঙ্গা ঘর, কুচবরণ কন্যা মেঘবরণ কেশ, শুকত-ারা, সুখের স্বপ্ন, রাজা জনি, বাদশা ভাই, ছোবল, ভাই আমার ভাই ইত্যাদি।

১৯৯২ সালে জাফর ইকবালের বিপরীতে ‘ঘর ভাঙা ঘর’ ছবিটিকেই সুনেত্রা অভিনীত সর্বশেষ বাংলাদেশি ছবি বলে ধরা হয়। এরপর কিছুদিন কাজ করেন কলকাতার ছবিতে।





# নিউইয়র্কে মুনার খাদ্য বিতরণ

**নিউইয়র্ক:** মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকা'র মুনা স্যোসাল সার্ভিস বিভাগ নিয়মিত খাবার বিতরণ কর্মসূচী অব্যাহত রেখেছে। ঈদুল আযহাকে সামনে রেখে নিউইয়র্ক সিটির বাংলাদেশী অধ্যুষিত এলাকার নির্ধারিত ২০টি স্থান ছাড়াও বাফেলো, কানেকটিকাট, ফিলাডেলফিয়া ও দেলোয়ার স্টেটের বিভিন্ন স্থানে খাবার বিতরণ কর্মসূচী গ্রহণ করে সংগঠনটি। উল্লেখ্য, নিউইয়র্ক সিটি এবং স্টেটের সহযোগিতায় অরাজনৈতিক ও অলাভজনক এই সংগঠনটি করোনা মহামারির সময় জীবনের ঝুকি নিয়ে মানুষের দোড়-গোড়ায় খাবার পৌঁছে দেয়া শুরু করে।

অব্যাহত এই কর্মসূচীর অংশ হিসেবে গত ১১ জুন জ্যাকসন হাইটসে মুনা সেন্টারে সর্বস্তরের মানুষে মাঝে খাদ্য বিতরণ করে মুনা সোস্যাল সার্ভিস বিভাগ। খাদ্য বিতরণের পূর্বে সংক্ষিপ্ত সভার আয়োজন করা হয় সেন্টার মিলনায়তনে। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মুনা'র সাবেক ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন। পরিচালনা করেন সেন্টারের সভাপতি মমিনুল ইসলাম মজুমদার। এসময় সেন্টারের সাধারণ সম্পাদক কায়কোবাদ কবির, অর্থ সম্পাদক নাসির উদ্দিন আহমেদ ও ট্রাস্টিবোর্ড মেম্বার ফখরুল ইসলাম মাছুমসহ অন্যান্য নেতৃবন্দ উপস্থিত ছিলেন।

সভায় ইমাম দেলোয়ার হোসাইন বলেন, মুনা'র সোস্যাল সার্ভিস বিভাগের উদ্যোগে সিটি প্রশাসনের সহযোগিতায় চলমান ফুড ড্রাইভ সার্ভিসের অংশ হিসেবে ঈদুল আযহা উপলক্ষ্যে বিশেষ এই খাদ্য বিতরণ কর্মসূচী গ্রহণ করা হয়। এটা আমাদের ক্ষুদ্র প্রয়াস। আমরা খাদ্য বিতরণের পাশাপাশি কমিউনিটির কল্যাণে কাজ করতে চাই।

তিনি বলেন, মুনা মুসলমানদের প্রাত্যহিক সামাজিক ও ধর্মীয় কর্মকান্ড এবং জাতীয় নাগরিক জীবনে ভূমিকা পালনের নিমিত্তে সংগঠিত করতে ঐকান্তিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে, যাতে করে এই সমস্ত ব্যক্তিবর্গ আল্লাহ এবং তাঁর রাসূল হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণের মাধ্যমে মানবতার সেবা করে যেতে পারে।

আল কোরআন পথনির্দেশ করে গোটা মানব জাতিকে। কল্যাণকর ও নির্ভুল পথ পরিদর্শন করে পথভ্রান্ত দিকহারা মানবতাকে। ব্যক্তিজীবন থেকে রাষ্ট্রীয় জীবন, মানব দেহের অভ্যন্তরে লুকায়িত অন্তর বিন্দু থেকে সৃষ্টি লোকের বিশাল বিস্তৃত মানব সম্পর্কিত প্রতিটি স্তরে বিশ্ববাসীর কল্যাণে এক নির্ভুল গাইড হিসেবে ভূমিকা রাখতে পারে এই মহাগ্রন্থ। আলোচনা শেষে বিপুল সংখ্যক বাংলাদেশীসহ অন্যান্য জাতির মানুষ লাইনে দাঁড়িয়ে খাদ্য সংগ্রহ করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

# প্রচণ্ড গরমে সৌদিতে ১৯ হজযাত্রীর মৃত্যু

(প্রথম পাতার পর)


নিশ্চিত করেছে। জর্ডানের মন্ত্রণালয় জানায়, প্রচ- তাপপ্রবাহের কারণে সান স্ট্রোকে আক্রান্ত হয়ে মারা গেছেন। নিখোঁজদের সন্ধানে তল্লাশি অব্যাহত আছে। এ সপ্তাহে মক্কায় তাপমাত্রা ৪৬ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে গেছে। এতে খোলা আকাশের নিচে ও পায়ে হেঁটে অনেক আচার-অনুষ্ঠানে বয়স্কদের অংশ নেওয়া বেশ কঠিন হয়ে দাঁড়িয়েছে। উল্লেখ্য, মাউন্ট আরাফাতের কাছে একটি চিকিৎসাকেন্দ্রে গরমের কারণে ২২৫ জনের অসুস্থ হওয়ার ঘটনা নথিবদ্ধ হয়েছে বলে জানিয়েছে সৌদি আরবের সরকারি প্রেস এজেন্সি।

# এক স্লিপ

(শেষের পাতার পর)

সত্যিকারার্থেই কমিউনিটির 'বিশিষ্ট ব্যক্তিবর্গ'? বিষয়টি নিয়ে গেলো রোববার কমিউনিটির একজন সিনিয়র সাংবাদিকের সাথে কথা প্রসঙ্গে তিনি কৌশলে বিষয়টি তুলে ধরলেন। জানতে চাইলেন- আচ্ছা, খবরে যাদের বিশিষ্ট ব্যক্তি হিসেবে হিসেবে বলা হয়। তারা কি আসলেই কমিউনিটির বিশিষ্ট ব্যক্তি। অথচ ঐ সব অনুষ্ঠানে অনেক মিডিয়ার সম্পাদক উপস্থিত থাকলেও তারা 'বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে পড়েন কিনা' জানতে চাইলেন? একজন সংবাদ কর্মী হিসেবে বিষযটি সাথে দ্বিমত করতে পারলাম না। আমরা যারা সংবাদ কর্মী সংবাদ পরিবেশে আমাদেরকে অবশ্যই আরো সতর্ক হওয়া উচিৎ বলেই আমি মনে করি। আমার সহকর্মীরা কি মনে করেন?

১৪ জুন ২০২৪










# আরাফা ইসলামিক সেন্টারের নতুন ভবন উদ্বোধন

(শেষের পাতার পর)

তিন তলা বিশিষ্ট আলাফা ইসলামিক সেন্টারের উদ্যোগে নবনির্মত মসজিদ ভবনে (৮৮-৪৯ ১৭৯ প্লেস, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২) রোববার (১৬ জুন) ঈদুল আজহার তিনটি জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল সাড়ে ৭টায়, সাড়ে ৮টায় এবং সাড়ে ৯টায় ।

সংশ্লিস্টরা জানান, 'আরাফা ইসলামিক সেন্টার'টি একটি পূর্নাঙ্গ ইসলামিক সেন্টার হিসেবে প্রতিষ্ঠা ও ভবন নির্মান করা হয়েছে । এখানে ইসলামিক ক্লাস ছাড়াও নিয়মিত ওয়াক্ত নামাজ আদায় সহ অন্যান্য ইসলামিক কর্মকান্ড পরিচালনা করা হবে ।


আলাফা ইসলামিক সেন্টারের নবনির্মত মসজিদ ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ মুনাজাত করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের ইমাম ও খতিব মওলানা মির্জা আবু জাফর বেগ । ব্যতিক্রমী এই অনুষ্ঠানে নিউইয়র্কের বিভিন্ন মসজিদের ইমাম ও মসজিদ পরিচালনা কমিটির কর্মকর্তা ছাড়াও নিউইয়র্কের জনপ্রতিনিধি, কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং বিপুল সংখ্যক মুসল্লী উপস্থিত ছিলেন ।


অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন নিউইয়র্ক ষ্টেট সিনেটর জন ল্যু, স্থানীয় পিএস ৯৫কিউ-এর প্রিন্সিপ্যাল কিম হিল, জাজ জনসন, নিউইয়র্ক সিটির আসন্ন নির্বাচনে কুইন্সের সিভিল কোর্ট জাজ পদপ্রার্থী অমিস আর ডোসী এবং স্থানীয় পুলিশ প্রিসেক্ট'র ডিটেকটিভ জন । অনুষ্ঠানে আলোচনায় অংশ নেন জ্যামাইকা মুসলিম সেন্টার পরিচালনা কমিটির সভাপতি ডা. মোহাম্মদ এম রহমান, অন্যতম পরিচালক ইমাম শামসী আলী, মসজিদ মিশন সেন্টার (হাজী ক্যাম্প মসজিদ) সহ বিভিন্ন মসজিদের অন্যতম প্রতিষ্ঠাতা ইমাম ও হাফেজ রফিকুল ইসলাম, ইমাম জাফর, বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী আব্দুল আজিজ, আলাফা ইসলামিক সেন্টারের অন্যতম প্রতিষ্ঠাতা আজিজুর রহমান, মদিনা মসজিদ পরিচালনা কমিটির সভাপতি এডভোকেট নাসির উদ্দিন, সাবেক সিটি ড্যানিক মিলার, তারিকুর রহমান প্রমুখ ।

মাগরিবের নামাজের পর 'আরাফা ইসলামিক সেন্টার'-এর চেয়ারম্যান আমীর খান ধন্যবাদ সুচক বক্তব্য রাখেন ।

অনুষ্ঠানে বক্তারা 'আরাফা ইসলামিক সেন্টার' প্রতিষ্ঠার উদ্যোগকে স্বাগত জানান এবং জ্যামাইকায় একাধিক মসজিদ প্রতিষ্ঠিত হওয়ায় এলকার পরিবেশ ভিন্নতর হয়েছে বলে উল্লেখ করেন । পাশাপাশি বক্তারা বলেন, শুধু মসজিদ প্রতিষ্ঠা করলেই হবে না, এই মসজিদ পরিচালনা এবং খেদমত করতে নতুন প্রজন্মকে মসজিদমুখী করতে হবে । বক্তারা জ্যামাইকা মুসলিম সেন্টারটি কে নিউইয়র্ক সিটির জ্যামাইকা এলাকার ইসলামিক জাগরণের অগ্রদূত হিসেবে আখ্যায়িত করে বলেন, এক মসজিদ আরেক মসজিদের সাথে প্রতিযোগিতা নয়, বরং সহযোগিতার হাত বাড়িয়ে ইসলামের খেদমতে কাজ করতে হবে ।






**Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!**

এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত



# ইউনাইটেড ট্রাভেলস ইনক



Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

**UNITED TRAVELS INC.**

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con **Abdul Latif Bhuiyan Cell: 646-**

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels


# কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates SAUDIA ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

**SECI**

Sonali Exchange Co. Inc.

Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে

Sonali Exchange App.

ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন

যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক

**SONALI EXCHANGE CO. INC.**

সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL

NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

# বাংলাদেশী মেডিকেল গ্রুপ



**ডাঃ আতাউল ওসমানি**
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

**ডাঃ ফেরদৌস খন্দকার**
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

| Brooklyn | Jackson Heights |
|---|---|
| 20 Arlington Place | 70-17 37th Avenue |
| (Across the Fulton St.) | (Betw. 70 & 71st Street) |
| (Betw. Bedford & Nostrand Ave) | East Side of BQ Express Way |
| Brooklyn, NY 11216 | Jackson Heights, NY 11372 |
| Tel: 718-363-0100 | Tel: 718-363-0100 |
| Fax: 718-636-0112 | Fax: 718-636-0112 |

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

## নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

১০ হাজার ডলারের রিবেট



নতুন বছর উপলক্ষ্যে ৫০% সেল



তোফায়েল চৌধুরী

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে

আমাদের কল করুন
**914-222-9477 or 914-989-0089**
**Gree Mechanical Yonkers**
GREE MECHANICAL YONKERS
1900 Central Park Ave, Yonkers, NY 10710

# ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



## কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি স্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

**All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.**

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

# Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



**Mohammad Pier**
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
**Cell: 917-678-8532**

**Income Tax**
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

**Immigration Services**
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

*IRS e file*
IRS e-file

**Real Estate**
For Buying & Selling Houses
Mortgage Services

## PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
**Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583**
Email: piertax@gmail.com



# জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
# বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
## ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

**স্থান পরিবর্তন**

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

**ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩**



ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA AGENCY
25th Anniversary
1990 2015

Authorised IRS e-file Provider

# KAKATUA AGENCY
# কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

## OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

**NEW ADDRESS**
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
**Tel: (718) 726-6900 | (718) 397-5004**
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com
যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী



# মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

## OUR SERVICES
**International & Domestic Tickets**
**Hajj & Umrah Special Package**
**Visa Processing**
**Money Transfer**

APPROVED IATA
KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

**We Accept**
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ ষ্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com




আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

## Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

## Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, **TLC/Motor Vehicle Exam,** মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

# MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
*MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial*



## Our Programs:

**Summer Program will start from July 5th**

| | | |
|---|---|---|
| **SAT** | 8 Weeks Course<br>4 Hours Each Class<br>Total 32 Classes (4 days/week)<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | Get **25%** Discount<br>sign up by 4th July |
| **SHSAT** | 8 Weeks Course<br>5 days/week<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | |
| **COMMON CORE MATH & ENGLISH** | 1st Grade to 6th Grade<br>8 weeks course<br>3 Hrs./day, 4 days/week<br>Cost : 600.00 | |

**Admission going on**
K-6 & Common Core Regents Classes

*Bronx Branch:*
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

*Jackson Heights Branch:*
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

*Quality Education Is Our Priority!*

# Highland Medical Care, PLLC



## Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

**Address**

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

# MOHAMMAD M RAHMAN MD



**Board Certified in Internal Medicine**

Geriatrics,
Hospice & Palliative Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

**Appointment:**

**718-526-0700, 718-383-4500**
**Cell- 718-864-8882**

| ASTORIA OFFICE: | JAMAICA OFFICE: |
|---|---|
| 30-04, 36th Avenue<br>LIC, NY 11106<br>Tel: 718-383-4500 | 170-12 Highland Avenue<br>Jamaica Estates, NY- 11432<br>www.drmrahman.com |

# ফিলিস্তিনীদের উপর ইসরাইলের নির্যাতন এবং যুদ্ধ বন্ধ কামনা



















(শেষের পাতার পর)

জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি) আয়োজিত স্থানীয় টমাস এডিসন স্কুলের প্লে গ্রাউন্ডে। সকাল সাড়ে ৮টায় অনুষ্ঠিত এই জামাতে সর্বস্তরের ১০/১২ হাজার নর-নারী অংশ নেন বলে সংশ্লিষ্টরা জানান। খবর ইউএনএ'র।

জেএমসি'র জামাতের আগে শুভেচ্ছা বক্তব্য রাখেন নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল নাজমুল হুদা, নিউইয়র্ক সিটি কম্পট্রোলার ব্র্যাড ল্যান্ডার, ষ্টেট অ্যাসেম্বলীম্যান জোহরান মামদানী, নয়া দিল্লীস্থ বাংলাদেশ হাই কমিশনে নিযুক্ত প্রেস মিনিস্টার শাবান মাহমুদ, জেএমসি'র ট্রাষ্টিবোর্ডের চেয়ারম্যান ডা. নাজমুল খান, পরিচালনা কমিটির সভাপতি ডা. মোহাম্মদ রহমান, নিউইয়র্ক সিটির আসন্ন নির্বাচনে কুইন্সের সিভিল কোর্ট জাজ পদপ্রার্থী অমিস আর ডোসী সহ আরো অনেকে। এই পর্ব পরিচালনা করেন সেক্রেটারী আফতাব মান্নান। জেএমসি'র ঈদের জামাতে ইমামতি করেন মওলানা মির্জা আবু জাফর বেগ ও খুতবা পাঠ করেন ইমাম শামসে আলী। ঈদের জামাত শেষে বিশেষ মুনাজাতে মুসলিম উম্মার ঐক্য, সৌহার্দ্য-সমৃদ্ধি ছাড়াও ফিলিস্তিনীদের উপর ইসরাইলের নিপীড়ন-নির্যাতন এবং যুদ্ধ বন্ধ কামনা করা হয়।

**জ্যামাইকা:** জ্যামাইকার আরাফা ইসলামিক সেন্টারের উদ্যোগে নবনির্মত মসজিদ ভবনে (৮৮-৪৯ ১৭৯ প্লেস, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২) ঈদুল আজহার তিনটি জামাত হয় যথাক্রমে সকাল সাড়ে ৬টায়, সকাল ৮টায় এবং ৯টায়।

মসজিদ মিশন সেন্টারের (হাজী ক্যাম্প মসজিদ) উদ্যোগে ঈদের তিনটি জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল সাড়ে ৬টায়, সাড়ে ৭টায় ও সকাল ৯টায় মসজিদ ভবনে। এখানকার তৃতীয় ঈদের জামাতের আগে উপস্থিত মুসল্লীদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন নিউইয়র্ক ষ্টেট সিনেটর জন সি ল্যু।

আমেরিকা মুসলিম সেন্টারের উদ্যোগে ঈদের জামাত হয় ৪টি। সকাল ৫টা ৪৫ এবং সকাল ৬টা ৪৫ মিনিটে প্রথম ও দ্বিতীয় জামাত হয় এএমসি ভবনে আর তৃতীয় ও চতুর্থ জামাত হয় যথাক্রমে সকাল ৮টা ও সকাল ১০টায় স্থানীয় রুফস কিং পার্ক মাঠে।

ইকনা মসজিদের উদ্যোগে ঈদের জামাত হয় ২টি যথাক্রমে সকাল সাড়ে ৭টা ও সকাল সাড়ে ৮টায়।

দারুস সালাম মসজিদের উদ্যোগে মসজিদ ভবনে ঈদের জামাত হয় ৪টি যথাক্রমে সকাল ৭টা, সকাল ৮টা, সকাল ৯টা ও সকাল ১০টায়। প্রথম জামাত ব্যতিত অন্য সকল জামাতে পুরুষদের পাশাপাশি মহিলাদেরও নামাজের ব্যবস্থা ছিলো।

আল কুবা ইসলামিক সেন্টার অব জ্যামাইকার উদ্যোগে ঈদের জামাত হয় সকাল ৮টায় (বাকি অংশ ৩৬ পাতায়)

## বাসা ভাড়া

**বেসমেন্ট ভাড়াঃ** উডহ্যাভেনের ৭৬ স্ট্রীট এর জে ট্রেন-এর কাছে একটি বেসমেন্ট ভাড়া হবে শুধুমাত্র ২জন এডাল্ট এর কাছে। যোগাযোগ: ৬৪৬-৩৯৯-৭৮৯৪ অথবা ৬৪৬-৩৮৬-৬৪৬৩
মে-২৭

**House for rent:** Lovely 2 bed apartment, ( 1st Fl of a private house ) with large kitchen, bathroom, hard wood floors, close to public transportation, shops, and house of worship (Masjid) & with one car shared drive-way. Located in the great neighborhood of Saint Albans Queens Everything is included. Tenant pays for electricity only. Rent is $2,300 a month, available from May. For more information and viewing please Text or Voice message . Ejaz Khan **@ 917.523.2249**

**বেসমেন্ট ভাড়াঃ** নিউহাইডপার্কে এক বেডরুমের বেসমেন্ট বাসা ব্যাচেলার/স্বামী-স্ত্রীর নিকট ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৫৯২-৩১৩৯ (বিকেল ৫টার পর)।
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার হিলসাইড এভিনিউ এবং এফ ট্রেন সাবওয়ের কাছে ১৮৬ স্ট্রীট এবং ৯০ এভিনিউতে ১ম তলা (২ বেডরুম, লিভিং রুম, বাথ-কিচেন) ১লা মে হতে ভাড়া হবে। যোগাযোগঃ ৬৪৬-২৬১-৩০৪০ অথবা ৬৪৬-২৬১-৩০৩৯.
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার ১৬৭ স্ট্রীট ও ১০৯ রোডে তিন বেডরুম, দুই বাথরুম, রান্নাঘর এবং লিভিং-এর বাসা পহেলা মে থেকে ভাড়া হবে। স্কুল, মসজিদ, ই, এফ, জে, জেড সাবওয়ে ট্রেন এবং কিউ-৪, কিউ-৫, কিউ-৮৪, কিউ-৮৫, এন-২২ বাস কাছাকাছি। যোগাযোগঃ ৯১৭-৩৯২-৯০৮৫
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার ১৮৪ প্লেস ও ৯০ এভিনিউ হলিস-এ ফুল রেনোভেটেড সেমি বেসমেন্ট ২জন ব্যাচেলরের কাছে ভাড়া হবে। পৃথক প্রবেশদ্বার। যোগাযোগঃ ৬৪৬-৬৩৭-৪০৭৯. এ-১৫

**বাসা ভাড়াঃ** কুইন্স এর এলমহাস্ট হাস-পাতালের সাথে একটি বাসা তিনজন ব্যাচেলার কাছে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯২৯-৪৬২-৯৭৩১
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার ১৭৭ স্ট্রীট ও ১০৬ এভিনিউতে তিন বেডরুম, লিভিং রুম, বাথরুম, কিচেন-এর বাসা পহেলা মে হতে ভাড়া হবে। এফ ট্রেন সাবওয়ে ১২ মিনিটের দূরত্বে। কিউ ৪২, কিউ ৮৩ বাস ও মসজিদ বাসার পাশে। যোগাযোগঃ ৯২৯-৩২৮-৯৭০১ অথবা ৩৪৭-৫৮৯-৩২৮৬.
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার ই, জে সাবওয়ে ট্রেন-এর কাছাকাছি ১০৮ এভিনিউ ও ১৬৪ স্ট্রীটে ২ বেডরুম বিশিষ্ট বড় লিভিং রুম ১ম তলার বাসা ভাড়া হবে। মাত্র এক ব্লকের মধ্যে সুপারমার্কেট, লন্ড্রি মার্ট এবং বাস স্টপ রয়েছে। যোগাযোগঃ ৯১৭-৭৭৪-৮০২১ অথবা ৬৪৬-৬৭৫-৪৭২৮
এ-১৫

**বাসা ভাড়াঃ** ৯০ স্ট্রীট ৩৪ এভিনিউতে দুই বেডরুম এপার্টমেন্টের হিন্দু ফ্যামিলির বাসার এক রুম ভাড়া দেয়া হবে। স্বামী-স্ত্রী বা ছোট ফ্যামিলি। যোগাযোগঃ ৬৪৬-৯৬১-৫৪১০ অথবা ৯১৭-৭৯২-৯১১০.
এ-১৫

**বাসা ভাড়াঃ** এলমহার্স্ট-এর ৮২-১৫ ব্রিটন এভিনিউ ঠিকানায় বাথরুমসহ দুই রুমের বাসা স্বামী-স্ত্রী অথবা মা-মেয়ের কাছে ২০ এপ্রিল থেকে ভাড়া হবে। দুই সিনিটের দূরুত্বে এম ও আর ট্রেন এবং কিউ ৫৩ বাস। যোগাযোগঃ ৬৪৬-৯৩২-৪৬২৯ অথবা ৬৪৬-৩৮৭-৪৯৭০। এ-১৫

**বাসা ভাড়াঃ** লং আইল্যান্ডের ইস্ট মেডোতে মনোরম এবং নিরিবিলি পরিবেশে লং আইল্যান্ড মুসলিম সোসাইটি (এলআইএমএস) মসজিদ সংলগ্ন একটি প্রাইভেট বাসার ২য় তলায় ২ বেডরুমের একটি বাসা ভাড়া দেওয়া হবে। সকল শপিং মল, হাসপাতাল, স্কুল, হালাল গ্রোসারী ও হালাল রেস্টুরেন্ট বাসা হতে ২ থেকে ৩ মিনিটের ড্রাইভ। যোগাযোগ: ৬৪৬-৪৭৪-৪৮৫৯
এ-১৫

## রুমমেট

**রুমমেট আবশ্যক:** এপার্টমেন্টে থাকার জন্য রুমমেট চাই। সাবওয়ে ও গ্রোসারী স্টোর কাছাকাছি। যোগাযোগ: ৯২৯-৫৮৬-১৪৫০
এ-১৫

**রুম ভাড়া এবং রুমমেট আবশ্যক ঃ** নিউ-ইয়র্ক সিটির ইস্ট এলমাস্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্টিটের উপরে এক তলায় রুম ভাড়া দেওয়া হবে এবং রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
মে-২৭

**রুমমেট চাইঃ** রুম শেয়ার করে থাকার জন্য অধূমপায়ী নামাজি রুমমেট আবশ্যক। স্টুডেন্ট হলে ভাল। ১লা জুলাই থেকে, আগেও যোগাযোগ করতে পারেন। ৮৭-৮৭ ১৪৪ স্ট্রীট, হিলসাইড এভিনিউ, জ্যামাইকা, নিউইয়র্ক। **কিবরিয়া চৌধুরী ৯২৯-৭৫৫-২৯০৬।**

## পাত্রী চাই

৫৫ বছর, ডিভোর্স, সিটিজেন, সুদর্শন ডাক্তার-পাত্রের জন্যে ঘটক অথবা সরাসরি যোগাযোগ করুন।
**ফোনঃ ৮৫০-৮৬৬-৯০১২**
email:
PATRICHAI1234567@GMAIL.COM
hmurshedmd@gmail.com
y-24


দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222


# ফিলিস্তিনীদের উপর ইসরাইলের নির্যাতন এবং যুদ্ধ বন্ধ কামনা

(৩৪ পাতার পর)

সাউথ জ্যামাইকার পিএস ৫০ স্কুলের মাঠে।

হলিস মুসলিম কমিউনিটি সেন্টারের উদ্যোগে স্থানীয় হলিস এভিনিউ ও ২০৫ স্ট্রীট সংলগ্ন পার্কে ঈদের জামাত হয় সকাল সাড়ে ৮টায়। এতে নেতৃত্ব দেন মৌলানা সাহেদ আহমদ ও শেখ মোহাম্মদ নূরুল ইসলাম।

**জ্যাকসন হাইটস:** জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টারের উদ্যোগে ঈদের দুটি জামাত হয় মসজিদ সংলগ্ন ৭৩ স্ট্রীটে (রুজভেল্ট এবং ৪১ এভিনিউর মাঝে) সকাল ৮টা ও সকাল ৯টায়।

জ্যাকসন হাইটসের মুনা সেন্টারের উদ্যোগে ঈদের জামাত হয় খোলা রাস্তায় মসজিদ সংলগ্ন ৩৫-৩৫ ৭১ স্ট্রীটের উপর সকাল ৮টায়।

নিউইয়র্ক ঈদ গাঁহ-এর উদ্যোগে প্রতি বছরের মতো এবছরও ৫টি ঈদের জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল ৬টা, ৭টা, ৮টা, ৯টা ও ১০টায় জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায়।

ম্যানহাটানাস্থ মদিনা মসজিদের উদ্যোগে ঈদের জামাত হয় একই দিন সকাল সাড়ে ৮টায় মসজিদ সংলগ্ন মাঠে।

ইস্ট এলমহার্স্ট জামে মসজিদ এন্ড মুসলিম সেন্টারের উদ্যোগে ঈদের জামাত হয় সকাল সাড়ে ৮টায় স্থানীয় পিএস ১২৭ এর মাঠে।

**ওজনপার্ক:** ওজনপার্কের আল ফুরকান মজিদের উদ্যোগে ঈদের দুটি জামাত হয় যথাক্রমে সকাল সাড়ে ৮টায় ও সকাল ৯টায় মসজিদের সামনে ৭৬ এন্ড গ্লেনমোর এভিনিউতে।

ওজনপার্কের ফুলতলী ইসলামিক সেন্টারের উদ্যোগে ঈদের জামাত অনুষ্ঠিত হয় সকাল ৮টায় স্থানীয় পিএস ৬৪ স্কুলের মাঠে (৮২ ও ৮৩ স্ট্রীট, ১০১ এভিনিউ)।

**এস্টোরিয়া:** এস্টোরিয়ার আল-আমীন মসজিদ এন্ড ইসলামিক সেন্টারের উদ্যোগে ঈদের জামাত অনুষ্ঠিত হয় সকাল ৮টায় মসজিদ সংলগ্ন স্থানীয় ৩৬ ষ্ট্রিটে (৩৬ ও ৩৭ এভিনিউর মাঝে) খোলা রাস্তায়। প্রতিকূল আবহাওয়ায় মসজিদ ভবনে ঈদের জামাত হবে তিনটি যথাক্রমে সকাল ৭টা, সকাল ৮টা ও সকাল ৯টায়।

**ব্রুকলীন:** বাংলাদেশ মুসলিম সেন্টারের উদ্যোগে ঈদের জামাত হয় দুটি যথাক্রমে সকাল ৬টায় ও সকাল ৮টায় মসজিদ ভবনে।

ব্রুকলীনের বায়তুল জান্নাহ জামে মসজিদ এন্ড ইসলামিক সেন্টারের উদ্যোগে ঈদের জামাত হয়ে স্থানীয় ৫৬৯ ম্যাকডোনাল্ড এভিনিউর উপর সুবিশাল রাস্তায়। প্রতিকূল আবহাওয়ায় মসজিদ ভবনে ঈদের ৫টি জামাত অনুষ্ঠিত হবে সকাল ৬টা থেকে।

ব্রুকলীন ইসলামিক সেন্টার আল তৌহিদ মসজিদের উদ্যোগে ঈদের জামাত হয় সকাল ৭টা ৪৫ মিনিটে স্থানীয় প্রসপেক্ট পার্কের প্যারেড গ্রাউন্ডের ফিল্ড ৮-এ।

**ব্রঙ্কস:** পার্কচেষ্টার জামে মসজিদের উদ্যোগে ঈদের দুটি জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল সাড়ে ৭টা ও সকাল সাড়ে ৮টায় মসজিদ ভবন ও ভবন সংলগ্ন রাস্তার উপর।

বাংলা বাজার জামে মসজিদের উদ্যোগে ঈদের জামাত হয় দুটি যথাক্রমে সকাল সাড়ে ৭টায় ও সকাল সাড়ে ৮টায় স্থানীয় পিএস ১০৬ এর মাঠে।

ব্রঙ্কসের ক্যাসেলহীল আইডিয়াল ইসলামিক সেন্টারের উদ্যোগে ২১০০-২১৪৬ টার্নবুল এভিনিউতে (প্লে গ্রাউন্ড) ঈদের জামাত হয় সকাল ৮টায়।

নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টার এন্ড মসজিদের উদ্যোগে ঈদের জামাত হয় দুটি যথাক্রমে সকাল ৮টা ও সকাল ৯টায় স্থানীয় রিভারভিউ ওভাল পার্কে।

বায়তুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টারের উদ্যোগে ঈদের জামাত হয় সকাল সাড়ে ৮টায়।

## আলবেনীতে সেমিনার

আলবেনীতে আইন, ট্যাক্স এবং ফিনান্সের উপর সেমিনার ১ জুন শনিবার। সময়: বিকেল ৬টা থেকে সন্ধ্যা ৮টা। স্থান: তাজমহল রেষ্টুরেন্ট, ২৯৫ সেন্ট্রাল এভিনিউ, আলবেনী, নিউইয়র্ক ১২২০৬। এতে আইনজ্ঞ, সিপিএ, লোন অফিসার, ফাইনানসিয়াল প্লানারগণ অংশ নিয়ে বক্তব্য রাখবেন এবং সকল প্রশ্নের উত্তর দেবেন। যোগাযোগ: ৯২৮-২০৭-১৫১৬ অথবা ৯১৭-৫৯৭-৬৩৪৯
মে-২৭


কাজী অফিস
সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত
কাজী ইমাম মাওলানা আব্দুল মুকিত
পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা
148-16 87 Road
Jamaica, NY-11435
বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ
917-428-1519



নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি
নিউইয়র্কের নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি (এয়ারবন্ড পারমিট সহ) হবে। তিন বেড ও এক বাথরুমের বাড়ীট নায়াগ্রা ফলস ও সিনেকা রিজোর্টের অতি সন্নিকটে। গড়ে প্রতি রাত আয় ২৪৯ ডলার।
আগ্রহীরা যোগাযোগ করুন অথবা টেক্স করুন: ৬৪৬-২৩৬-৬০৪৪

# ধর্ম এবং বিশ্বাস

(শেষের পাতার পর)

কেউ বলতে পারে অমুক জীবনাচার আমি মানবো না তমুক জীবনাচারে আমার ভরষা নাই। সেটা ভিন্ন কথা। বিশ্বাষের কথা আসতে পারে ঈশ্বর বা সৃস্টিকর্তার প্রশ্নে। কেউ বলতে পারেন সৃস্টিকর্তা আছেন কারও কা ছে নাই। এটা হতে পারে বিশ্বাষ বা অবিশ্বাষের ব্যপার, কিন্তু ধর্ম কেন হবে!

দেখা যাক ধর্মের উৎপত্তি হলো কিভাবে। মানুষকে ক্লাসিফাইড করা হয়েছে 'র‌্যাশনাল এনিমেল' হিসেবে। মানুষ আদতে পশু (এনিমেলের বাংলা)। অন্য পশু থেকে মানুষকে আলাদা করেছে এই র‌্যাশনালিটি। যাকে বলে বিবেক ও বিচারবুদ্ধি বোধ। ডিকশনারিতে বলা হয়েছে 'এ র‌্যাশনাল পার্সন ইজ সামওয়ান হু ইজ সেন্সিবল এ্যান্ড ইজ এ্যাবল টু মেক ডিসিশনস বেইজড অন ইন্টেলিজেন্ট থিংকিং...'। পৃথিবীতে লক্ষ লক্ষ প্রাণীর মধ্যে মাত্র এই একটিমাত্র প্রাণীর মধ্যেই এই বোধ আছে। যে কারনে মানুষ অন্য সব প্রাণী থেকে আলাদা। আদিম সমাজে মানুষ যেদিন থেকে খাবার সংগ্রহে হাতিয়ার আর আগুনের ব্যবহার আয়ত্ব করেছে সেদিন থেকে মানুষের মানুষ হয়ে ওঠার শুরু। মানুষ মূলত: গোষ্ঠীবদ্ধপ্রাণী। পরিবার থেকে গোত্র, গোত্র থেকে সমাজ- এভাবেই দলবদ্ধতা। আর এই দলবদ্ধভাবে থাকতে গিয়েই এক সময় জীবনাচারের কিছু নিয়ম-নীতির দরকার হয়ে পরে। গোত্র বা সমাজপতি, অথবা শারিরীকভাবে শক্তিশালী নেতৃস্থানীয় কেউ সকলের মতামতের ভিত্তিতে অথবা নিজে, চলাফেরা কথাবার্তা আচার-আচরন ইত্যাদী বিষয়ে কিছু নিয়মনীতি বেঁধে দিতো। সমাজে বা গোত্রে থাকতে হলে যা সকলকে মানতে হতো। এভা বেই ধ র্মের উৎপ ত্তি। এগুলোই হচ্ছে সে কা লের ধর্ম। এই পৃথিবীতে প্রতিটি সৃস্টিরই নির্দিষ্ট ধর্ম আছে। প্রাণীজগতের ভিন্ন ভিন্ন আহার ভিন্ন ভিন্ন অভ্যাস জীব-নরীতি। বাতাস পানি আগুন, সব কিছুই নির্দিষ্ট নিয়মে তৈরী হয়, চলে। মানুষ ব্যতিরেকে অন্য প্রাণী বা বস্তুর ক্ষেত্রে বৈশিষ্ট বলি, তারপরও এই বৈশিষ্টগুলোকেই অন্যভাবে ধর্ম বলা যায়। বাতাসের ধর্ম পানির ধর্ম আগুনের ধর্ম- এ কথাগুলো তো প্রায়ই ব্যবহৃত হয়। গোষ্ঠী বা সমাজবদ্ধ মানুষের সংখ্যা যত বেড়ে চলে সমাজে নিত্য নতুন সমস্যার উদ্ভব হতে থাকে। সমাধানে সমাজপতিরা নতুননতুন বিধিবিধান তৈরী করে চলেন। সমাজপতিদের মধ্যে যখন নিজেরা কাজ না করে অন্যের উপার্জিত ফসল বা শিকারে ভাগ বসানোর মতলব তৈরী হলো, সেদিন থেকে বি-ধিবিধানগুলো নেতাদের স্বার্থ রক্ষা করে প্রণীত হতে থাকলো। এক পর্যায়ে এইসব উদ্দেশ্যমূলক আই-নকানুন বা বিধিবিধানের প্রতিবাদ শুরু হয়। মানুষ তা মানতে অস্বীকার করলে সমাজপতি বা নেতারা ঈশ্বর বা সৃস্টিকর্তাকে উপস্থাপিত করে। বলা হয় এইসব আইনকানুন বিধিবিধান স্বয়ং ঈশ্বরপ্রদত্ত। অতএব সকলের জন্য তা মানা বাধ্যতামূলক। আরও পরে, যখন শাষকশ্রেণীর আবির্ভাব ঘটলো এবং তারা সংহত হলো যথেষ্ট পরিমান শক্তিসঞ্চয় করলো, তারা নিজেরা নিজেদের ওপর দেবত্ব আরোপ করলো। কেউ ঈশ্বরের পুত্র কন্যা বা নিজেই ঈশ্বর। অতএব তাদেরকে মানাও বাধ্যতামূলক করে দেওয়া হলো। এভাবেই ধর্মকে ঈশ্বরের সাথে গুলিয়ে ফেলা হয়। ঈশ্বর বা সৃস্টিকর্তার বিষয়টা আলাদা করে রাখলে কিন্তু দেখা যাবে সব ধর্মের মূল সুরই এক। সব ধর্মেই সমাজে হানাহানি না করতে শান্তিশৃংখলা বজায় রাখতে মিথ্যা না বলতে কাউকে না ঠকাতে অসহায়কে সহায়তা করতে বলা হয়েছে। কোন ধর্মেই কিন্তু বলা হয় নাই তোমরা একে অপরকে মেরে কেটে খাও। এইযে বিধিবিধানগুলো, এগুলো বিশ্বাষ-অবিশ্বাষের বিষয় না। রাস্তায় গাড়ী চালাতে গেলে রেড লাইট দেখলে দাঁড়াতে হবে। এটা আইন। কেউ যদি বলেন এ আইন আমি বিশ্বাষ করি না, তাকে আর গাড়ী চালাতে হবে না। রেড লাইট না মানলে যেমন গাড়ী চালানো যাবে না, তেমনি সমাজে বসবাস করতে গেলে আইন বিধিব্যবস্থা সামাজিক রীতিনীতিগুলো শুধু বিশ্বাষই না, মানতে হবে। এগুলোই ধর্ম।

ঈশ্বরকে কে কিভাবে দেখবেন সেটা যার যার নিজস্ব ব্যপার। তবে ধর্ম বা জীবনাচারকে বিশ্বাষের পর্যায়ে না ফেলে বাস্তব হিসেবে দেখলে অনেক জটীঁলতার নিরসন হয়। অধিকাংশ ধর্মের মূল লক্ষ্যই তো সঠিক জীবনাচারের মাধ্যমে মানুষকে মানুষের পথে চলতে দিশা দেখানো।









# কখন-কাদের বিপক্ষে খেলবে টাইগাররা

**স্পোর্টস ডেস্ক:** টি-টোয়েন্টি বিশ্বকাপে নেপালটোইগাররা। এই পর্বে বাংলাদেশের প্রতিপক্ষ ভারত, আফগানিস্তান ও অস্ট্রেলিয়া। সবার সঙ্গে একটি করে ম্যাচ খেলবে নাজমুল হোসেন শান্তর দল।

অস্ট্রেলিয়ার বিপক্ষে ম্যাচ দিয়ে আগামী ২১ জুন সুপার এইট পর্ব শুরু হবে সাকিব-শান্তদের। বাংলাদেশ সময় ভোর সাড়ে ৬টায় অ্যান্টিগার স্যার ভিভিয়ান রিচার্ডস স্টেডিয়ামে গড়াবে ম্যাচটি। পরদিন রাত সাড়ে ৮টায় একই মাঠে ভারতের বিপক্ষে পর্বের দ্বিতীয় ম্যাচ খেলবে টাই-গাররা। আর ২৫ জুন সুপার এইটে শেষ ম্যাচ বাংলাদেশের। ওইদিন সেন্ট ভিনসেন্টে টাইগারদের প্রতিপক্ষ আফগানিস্তান। ম্যাচটি শুরু হবে বাংলাদেশ সময় ভোর সাড়ে ৬টায়।

## নিউইয়র্ক ষ্টেট বিএনপি ওয়েস্ট গঠনের দাবিতে বাফেলোতে সংবাদ সম্মেলন

**বাফেলো (নিউইয়র্ক):** দ্রুততম সময়ে গড়ে ওঠা ওয়েস্টার্ন নিউইয়র্কের শহর বাফেলো, নায়াগারা ফলস, সিরাকিউস, রোচেস্টার, জেইমস টাউন সহ অন্যান্য ছোট বড় এলাকায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে 'নিউইয়র্ক ষ্টেট বিএনপি ওয়েস্ট' গঠনের দাবিতে সংবাদ সম্মেলন হয়েছে। স্থানীয় বিএনপি নেতৃবৃন্দ এই সংবাদ সম্মেলনের আয়োজন করেন।

গত ১১ই জুন মঙ্গলবার ইউনিভার্সিটি হাইটস এলাকার একটি অফিসে সংবাদ সম্মেলনটি অনুষ্ঠিত হয়। স্থানীয় নেতৃবৃন্দের উপস্থিতিতে সংবাদ সম্মলেন লিখিত বক্তব্য পাঠ করেন প্রস্তাবিত নিউইয়র্ক ষ্টেট বিএনপি ওয়েস্ট গঠন সমন্বয় কমিটি'র প্রধান সমন্বয়কারী ও জিয়া লাইব্রেরী ডটকমের প্রেসিডেন্ট মতিউর রহমান লিটু।

বিএনপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের কাছে অনুরোধ জানিয়ে



অনুষ্ঠিত এই সাংবাদ সম্মলনে বাফেলো সিটি বিএনপি কমিটি গঠন নিয়েও আলোচনা হয় এবং বাফেলো সিটি বিএনপির নির্বাচনে অংশ নিতে আহবায়ক হিসাবে যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক প্রচার সম্পাদক নাজমুল আলম, সিনিয়র যুগ্ম আহবায়ক হিসেবে ব্রুকলীন বিএনপির সাবেক সভাপতি কামাল উদ্দিন এবং নিউইয়র্ক মহানগর বিএনপি (দক্ষিণ) এর সাবেক সদস্য তারিকুল ইসলাম প্রিন্স মৃধাকে সাধারণ সম্পাদক হিসাবে পরিচয় করিয়ে দেয়া হয়।

সংবাদ সম্মলনে অন্যান্যের মধ্যে ঢাকা মহানগর তাঁতীদলের সাবেক সদস্য সচিব ও নিউইয়র্ক ষ্টেট বিএনপি গঠনের অন্যতম সংগঠক আব্দুর রহিম, সিটি হলে কর্মরত বাংলাদেশী কর্মকর্তা ও দোল্লাই নবাবপুর ডিগ্রি কলেজ (কুমিল্লা)-এর সাবেক ভিপি জাভেদ মোস্তফা, নিউইয়র্ক মহানগর বিএনপি'র (উত্তর) সাবেক সদস্য আমিনুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রনেতা সৈয়দ ঝিলু ও মনিরুজ্জামান মিয়া, বরিশাল মহানগর বিএনপির সাবেক সদস্য জাঈদ বিশ্বাস, বাফেলো বিএনপি নেতা তোফাজ্জল হোসেন, বরিশাল জেলা ছাত্রদল নেতা রাকিব, বাফেলো বিএনপি নেতা মাকসুদুর রহমান টিটু প্রমুখ উপস্থিত ছিলেন। - পিবিসি নিউজ।

